# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 20 ■ 16th May, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ডিগ্রি আছে ...
কিন্তু চাকরি নেই ?
DESUN ACADEMY
Get Placed by Skills
Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in


## শিক্ষক, স্কুল সার্ভিস গ্রুপ 'সি', গ্রুপ 'ডি' পদে বয়স বেড়ে ৪৫, পুলিশ বিভাগে বয়স বেড়ে ৩৫ হল

## কোল ফিল্ডে ৫০০ চাকরি

নিজস্ব সংবাদদাতা, ওড়িশা : কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা মহানদী কোল ফিল্ডস লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান' ও 'টেকনিশিয়ান' পদে ৫০০ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) (ট্রেনি), গ্রেড-সি : এরপর ১০ পাতায়

# রাজ্য সরকারি চাকরিতে বয়স ৫ বছর বাড়ল

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গের বেকার ছেলেমেয়েদের সরকারি চাকরিতে বয়সের উর্ধ্বসীমা ৫ বছর বাড়িয়ে ঐতিহাসিক সিদ্ধান্তের কথা ঘোষণা করলেন রাজ্যের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ১১ মে, নবান্নে প্রথম মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্তের কথা তিনি জানান। মুখ্যমন্ত্রী জানান, ২০১৫ সালের পর থেকে রাজ্যে সরকারি চাকরিতে সেইভাবে নিয়োগ হয়নি। এর ফলে লাখ লাখ বেকার শিক্ষিত ছেলেমেয়ে সরকারি চাকরির আবেদনই করতে পারেননি। তাই বেকারদের কথা ভেবে চাকরির উর্ধ্বসীমা ৫ বছর বাড়ানো হয়েছে। এর ফলে কয়েক লাখ ছেলেমেয়ের নতুন করে চাকরি পাওয়ার সুযোগ এরপর ১০ পাতায়


৯৯.৯% সাফল্যের একমাত্র ঠিকানা
চাকরি GB
Great Basket Career
WBCS 2025 ক্লাস শুরু জুন মাসে
MISC ক্লাস চলছে
অফলাইন ও অনলাইন কোর্সে ভর্তি চলছে সবনিম্ন মূল্যে।।
আজই ভর্তির জন্য ফোন করুন : 89023 56967 / 9830200210



ICE Academy
SSC, Rail ও Bank কোর্স
WBCS ও WBPSC কোর্স
সেরা প্রশিক্ষকদের ক্লাস
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509


## মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষাতেও বয়সে ছাড়

### দরখাস্ত করার শেষ তারিখ বাড়বে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : মন্ত্রিসভার বৈঠকে ১১ মে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন, রাজ্যের সব চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়ানো হয়েছে। এখন পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস এরপর ১০ পাতায়

কলকাতার ১২৫টি আইটি কোম্পানিতে

## ৪৮,৩১২ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

পল্লবী দেওয়ান, সল্টলেক : কলকাতার ১২৫টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৯,৩০৮ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ২৯,০০৪ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে এরপর ৪ পাতায়

## রেলে ১,৬৪৪ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, রাইপুর : দক্ষিণ পূর্ব-মধ্য রেলের রাইপুর ডিভিশন ও রাইপুর ওয়াগন রিপেয়ার শপ 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,৬৪৪ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, স্টেনোগ্রাফার (ইংলিশ), স্টেনোগ্রাফার (হিন্দি), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, হেলথ অ্যান্ড স্যানিটরি ইন্সপেক্টর, মেশিনিস্ট, মেকানিক ডিজেল, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনার, ব্ল্যাকস্মিথ, ম্যাসন, কার্পেন্টার, পাইপলাইন ফিটার, ইলেক্ট্রনিক্স মেকানিক, হ্যামারম্যান। কারা কোন ট্রেডের জন্য যোগ্য। এরপর ২ পাতায়

## কেন্দ্রীয় বিদ্যালয়ে চাকরির 'সি-টেট'র দরখাস্ত নেওয়া শুরু

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় ও তিব্ব তি স্কুলের প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্তরে কয়েকশো 'শিক্ষক' ও 'শিক্ষিকা' পদে নিয়োগের জন্য 'সেন্ট্রাল টিচার্স এলিজিবিলিটি টেস্ট (CTET-September, 2026)' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পরীক্ষা নেবে 'দিল্লির সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'। এরপর ১২ পাতায়

## সেনাবাহিনীতে ১৯০ অপারেটর

নিজস্ব সংবাদদাতা, গোয়া : ভারতীয় সেনাবাহিনীর গোয়ার ২নং সিগন্যাল ট্রেনিং সেন্টার 'সি.এস.বি.ও. (সিভিলিয়ন সুইচ বোর্ড অপারেটর)' পদে ১৯০ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা পি.বি.এক্স মেশিন সংক্রান্ত কাজে দক্ষতা থাকলে যোগ্য। ইংরিজি ও হিন্দিতে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৩১-৫-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে এরপর ৭ পাতায়

## কেন্দ্রীয় বিদ্যালয়ে ১৯৮ শিক্ষক

নিজস্ব সংবাদদাতা, লখনউ : নবোদয় বিদ্যালয় সমিতির অধীন লখনউ রিজিওন্যাল অফিসে কাজের জন্য 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার', 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'স্টাফ নার্স' পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে ১৯৮ জন শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচেছ। চাকরি হবে চুক্তিতে। কারা কোন পদের জন্য আবেদন করতে পারেন :

পোস্ট গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ে : হিন্দি, ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, অর্থনীতি, বায়োলজি, ইতিহাস, ভূগোল, কমার্স। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন এরপর ২ পাতায়

## বিমানবাহিনীতে ১২০ ক্লার্ক

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারতীয় বিমানবাহিনীর বিভিন্ন স্টেশন / ইউনিটে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার', 'হিন্দি টাইপিস্ট' পদে ১২০ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

লোয়ার ডিভিশন ক্লার্ক (LDC) : উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি বা, ম্যানুয়াল টাইপরাইটারে অন্তত ৩০টি (অনুরূপভাবে ঘন্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে) শব্দ তোলার গতি থাকলে যোগ্য। এরপর ৬ পাতায়

## কোল ইন্ডিয়ায় ৯১৬ ম্যানেজমেন্ট ট্রেনি

### ৬৪০ ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কোল ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৬৪০ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব শাখায়: সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিস্টেম, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (ই অ্যান্ড টি), জিওলজি। কারা কোন শাখার জন্য যোগ্য :

সিভিল : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি. টেক. / বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। এরপর ৭ পাতায়

### ২৭৬ ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কোল ইন্ডিয়া লিমিটেড মাইনিং শাখায় 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ২৭৬ জন লোক নিচেছ।

মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি. টেক. / বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় স্কোর করে থাকতে হবে। বয়স হতে হবে ৩০-৪-২০২৬'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, এরপর ৭ পাতায়

উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে ২৯ ও ৩০ মে

## মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

### এবার আপনার শহরে **কর্মসংস্থান** হাজির

নিজস্ব প্রতিনিধি, মালদহ : মালদহ জেলায় এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভালো কেরিয়ার তৈরি করার জন্য কোন বিষয় নিয়ে পড়বেন অথবা এখনই ভালো মাইনের চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স পড়বেন, তা নিয়ে ভাবছেন? এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল

ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, এরপর ৫ পাতায়

## ৪২ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, দিল্লি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের ডি.আর.ডি.ও.'এর অধীন ন্যাভাল সায়েন্স অ্যান্ড টেকনোলজিক্যাল ল্যাবরেটরির এরপর ৩ পাতায়

## ৮৫ ডেপুটি ম্যানেজার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া 'ডেপুটি ম্যানেজার (টেকনিক্যাল)' পদে ৮৫ জন লোক নিচেছ। সিভিল এরপর ১২ পাতায়


কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH
INC, WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com

Courses Offered
B.Sc নার্সিং 60 Seats (4 Years)
GNM নার্সিং 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

## কর্মখালি

**দমদম ক্যান্টনমেন্ট ব্রাঞ্চে**
230 জন মহিলা কর্মী স্থায়ী পদে শীঘ্র নিয়োগ। বেতন ;6-20,000 যোগ্যতা-৮ম-স্নাতক। M : 8170938146
CM

কেরিয়ার গড়ুন সেলস অ্যান্ড মার্কেটিং -এর বিভিন্ন পদে। যোগাযোগ : 6289107967, 8336889921
D

**স্থায়ী নিয়োগ**
কলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে সরাসরি ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18,500 – 65,500), PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা। M : 9134766124
SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

## কর্মখালি

**জরুরী বিজ্ঞপ্তি**
এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে M/F উভয় সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17,500–62,700). থাকা-খাওয়া-সহ PF, ESI, বোনাস ও প্রমোশন পাবেন। M : 83450-71308
SA(A)

**Post Office-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব**
নিজের যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় নিয়োগ। M/F, SL- 18K–46K, PF, ESI, AC. সত্বর যোগাযোগ- Ph : 84202 50278
SA

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

**আর্জেন্টি ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্ট-এ বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা: MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17,200–62,700). যোগাযোগ - M : 85378 52605
SA(A)

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## কর্মখালি

**Airport Job Vacancy**
কলকাতা, দমদম, শিলিগুড়ি, বাগডোগড়া ও দুর্গাপুর, অন্ডাল এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (15,700–68,900). থাকা-খাওয়া-সহ PF, ESI, বোনাস, প্রমোশন-এর সুবিধা পাবেন। M : 7074285983
SA(A)

## কর্মখালি

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18,500 – 67,800), PF, ESI, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 8537984211
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# রেলে ১,৬৪৪ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ৫-৫-২০২৬'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : রাইপুর ডিভিশনে শূন্যপদ ১,৩৬৩টি। এর মধ্যে ফিটার ৪০৬টি (জেনাঃ ১৬২, ই.ডব্লু.এস. ৪১, ও.বি.সি. ১১২, তঃজাঃ ৬১, তঃউঃজাঃ ৩০)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ২৬২টি (জেনাঃ ১০৫, ই.ডব্লু.এস. ২৬, ও.বি.সি. ৭২, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ২০)। টার্নার ২৮টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিশিয়ান ৩৩৭টি (জেনাঃ ১৩৪, ই.ডব্লু.এস. ৩৪, ও.বি.সি. ৯৩, তঃজাঃ ৫১, তঃউঃজাঃ ২৫)। স্টেনোগ্রাফার (ইংলিশ) ১১টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। স্টেনোগ্রাফার (হিন্দি) ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৮১টি (জেনাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ২২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬)। হেলথ অ্যান্ড স্যানিটারি ইন্সপেক্টর ২৫টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। মেশিনিস্ট ১৪টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। মেকানিক ডিজেল ৯৭টি (জেনাঃ ৩৮, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনার ২৬টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। **ব্ল্যাকস্মিথ** ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। **হ্যামারম্যান** ১টি (জেনাঃ)। **ম্যাসন** ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। **পাইপ লাইন ফিটার** ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। **কার্পেন্টার** ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। **পেইন্টার** ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। **ইলেক্ট্রনিক্স মেকানিক** ৪৭টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)।

**রাইপুর ওয়াগন রিপেয়ার শপে** ২৮১টি। এর মধ্যে ফিটার ১১০টি (জেনাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৮)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১১০টি (জেনাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৮)। মেশিনিস্ট ১৮টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। টার্নার ১৫টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ১৮টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৮টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। স্টেনোগ্রাফার ইংলিশ ১টি (জেনাঃ), স্টেনোগ্রাফার (হিন্দি) ১টি (জেনাঃ)।

এই পদের বিজ্ঞপ্তিনং : E/PB/R/Rectt/Act. Appr. /01/2026-27, Dated 05.05.2026.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণ পত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুনে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেইনাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও সরাসরি ফোন করতে পারেন এই নম্বরে : 7024149242.

# কেন্দ্রীয় বিদ্যালয়ে ১৯৮

১ পাতার পর

করতে পারেন। সব ক্ষেত্রে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বি.এড. কোর্স পাশ হতে হবে। ইংরিজি বা, হিন্দি মাধ্যমের স্কুলে পড়ানোর দক্ষতা থাকতে হবে। আবাসিক স্কুল বা, টি.জি.টি. হিসাবে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকতে হবে। পারিশ্রমিক মাসে ৩৫,৭৫০ টাকা (মেট্রো শহরের বেলায় ৪২,২৫০ টাকা)। শূন্যপদ : কেমিস্ট্রি ১০টি, ফিজিক্স ১১টি, কম্পিউটার সায়েন্স ১২টি, অর্থনীতি ১টি, ইংরিজি ১২টি, ভূগোল ৩টি, ইতিহাস ৩টি, অঙ্ক ২টি, ফিজিক্যাল এডুকেশন ১টি।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার** নেওয়া হবে এইসব বিষয়ে : হিন্দি, ইংরিজি, অঙ্ক, সায়েন্স, বিজ্ঞান, সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স, আর্ট, মিউজিক।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক)** : অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি /ইলেক্ট্রনিক্স / কম্পিউটার / স্ট্যাটিস্টিক্স বিষয়ের পাস বা, অনার্স গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিজিওন্যাল কলেজ অফ এডুকেশন বা, এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে ৪ বছরের ইন্টিগ্রেটেড কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৮টি।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সোশ্যাল স্টাডিজ)** : ভূগোল, ইকনমিক্স বা, রাষ্ট্রবিজ্ঞান বিষয় নিয়ে ইতিহাসের অনার্স গ্র্যাজুয়েটরা কিংবা ইতিহাস, ইকনমিক্স বা, রাষ্ট্রবিজ্ঞান বিষয় নিয়ে ভূগোলের অনার্স গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিজিওন্যাল কলেজ অফ এডুকেশন বা, এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে ৪ বছরের ইন্টিগ্রেটেড কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ১১টি।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (বাংলা /হিন্দি /ইংরিজি)** : হিন্দি বা, ইংরিজি বিষয় নিয়ে পাস বা, অনার্স গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। রিজিওন্যাল কলেজ অফ এডুকেশন বা, এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে ৪ বছরের ইন্টিগ্রেটেড কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : বাংলা : ৩টি, ইংরিজি ১৮টি, হিন্দি ৩টি।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (বিজ্ঞান)** : বায়োলজি, লাইফ সায়েন্স, বটানি, জুলজি বিষয়ের অনার্স গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর ও সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি।

ওপরের সব ক্ষেত্রেই বি.এড. কোর্স পাশ হতে হবে। সি.বি.এস.ই.'র সি.-টেট পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইংরিজি ও হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকতে হবে।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (লাইব্রেরি)** : লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে।

এছাড়াও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (আর্ট), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (মিউজিক), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (লাইব্রেরি), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন টিচার) পদেও শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে।

**স্টাফ নার্স (ফিমেল)** : নার্সিংয়ের বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। কোনো হাসপাতাল বা, ক্লিনিকে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। হিন্দি বা, রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজ ও ইংরিজিতে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ১৪টি।

কম্পিউটার সায়েন্স ও স্টাফ নার্স ছাড়া অন্য বিষয়ের বেলায় বি.এড. কোর্স পাশ হতে হবে ও 'সি-টেট' পরীক্ষায় কোয়ালিফাই করতে হবে। রিজিওন্যাল কলেজ অফ এডুকেশন বা, এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ২ বছরের ইন্টিগ্রেটেড কোর্স পাশরাও যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ৫০ বছরের মধ্যে। প্রাক্তন এন.ভি.এস. প্রার্থীদের বেলায় ৬৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদে ৩৫,৭৫০ টাকা, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, স্টাফ নার্স ও লাইব্রেরিয়ান পদে ৩৪,১২৫ টাকা।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। কবে কোথায় ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে পাবেন।

আগ্রহী প্রার্থীরা ১৮ মে'র মধ্যে অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.nvsrolko.org

### ফিশারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট পদের চূড়ান্ত ফল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১০/২০২৩'এর ফিশারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফল হয়েছেন ৫০ জন প্রার্থী। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

### ডব্লু.বি.সি.এস. 'সি' গ্রুপের চূড়ান্ত ফল বেরোল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. 'সি' গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফল হয়েছেন ৯৯ জন প্রার্থী। গ্রুপ-সি'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ৯১১.৮৩, ই.ডব্লু.এস. ৮৪৬.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৮৯০.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৮৮৬, তপশিলী জাতি ৮৬০.২৫, তপশিলী উপজাতি ৮৩৪.৫৮, প্রতিবন্ধী-এ ৮৩১.৭৫, প্রতিবন্ধী -বি -৭২৩, প্রতিবন্ধী -সি ৭৬০।

# কেন্দ্রীয় সরকারের স্টাফ সিলেকশন কমিশনের স্টেনোগ্রাফার পদে চাকরি পাবেন কীভাবে

*স্টাফ সিলেকশন কমিশন (এসএসসি) এবছর ২৪ এপ্রিল এসএসসি স্টেনোগ্রাফার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি বের করেছে। এসএসসি স্টেনোগ্রাফার লিখিত পরীক্ষা এবছরের জুলাই বা আগস্টে হওয়ার কথা রয়েছে। আগ্রহী প্রার্থীরা যারা এসএসসি স্টেনোগ্রাফার গ্রেড সি ও ডি পরীক্ষা দিতে চান, তাঁরা এসএসসির অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে তাঁদের অনলাইন আবেদনপত্র জমা দিতে পারবেন। আবেদন করা যাবে ২৪ এপ্রিল থেকে ১৫ মে পর্যন্ত। এই পরীক্ষার সিলেবাস, পরীক্ষার ধরন, প্রশ্নপত্রের বিন্যাস-সহ খুঁটিনাটি বিষয় নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

স্টেনোগ্রাফার পদের শূন্যপদ ঘোষণা করা হয়েছে। এসএসসি গ্রেড সি ও ডি স্টেনোগ্রাফার পদে মোট ৭৩১টি শূন্যপদ ঘোষণা করা হয়েছে। এসএসসি স্টেনোগ্রাফার পদে নির্বাচিত হওয়ার জন্য, প্রার্থীদের একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও একটি দক্ষতা পরীক্ষা সমন্বিত দুই-পর্যায়ের নির্বাচন প্রক্রিয়া উত্তীর্ণ হতে হবে। শেষ মুহূর্তের প্রযুক্তিগত অসুবিধা এড়াতে প্রার্থীদের নির্ধারিত সময়সীমা শেষ হবার কিছুদিনে আগেই অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

**এসএসসি স্টেনো পরীক্ষা কী?**

এসএসসি স্টেনোগ্রাফার পরীক্ষা হলো একটি প্রতিযোগিতামূলক কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, যা স্টেনোগ্রাফার গ্রেড 'সি' (গ্রুপ 'বি', নন-গেজেটেড) ও স্টেনোগ্রাফার গ্রেড 'ডি' (গ্রুপ 'সি') পদে নিয়োগের জন্য পরিচালিত হয়। এই পদগুলি কেন্দ্রীয় সরকারের নানান মন্ত্রক, বিভাগ ও সংস্থায়, তাদের সংযুক্ত ও অধীনস্থ কার্যালয়-সহ, ও নানান রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে অবস্থিত সংস্থাগুলিতে প্রদান করা হয়।

এসএসসি স্টেনোগ্রাফার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থীদের আবেদনপত্র জমা দেওয়ার আগে আবেদন প্রক্রিয়া, আবেদনের তারিখ, যোগ্যতার মানদণ্ড, পরীক্ষার তারিখ, সিলেবাস, পরীক্ষার ধরণ, বেতনের বিবরণ ইত্যাদির মতো বিস্তারিত তথ্য জানতে সম্পূর্ণ এসএসসি স্টেনোগ্রাফার বিজ্ঞপ্তিটি ভালোভাবে দেখে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

স্টাফ সিলেকশন কমিশন (SSC) প্রতি বছর স্টেনোগ্রাফার গ্রেড 'সি' (Grade C) ও গ্রেড 'ডি' (Grade D) পদের জন্য যোগ্য প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে। ২০২৬ সালের বিজ্ঞপ্তি অনুযায়ী, এই নিয়োগ প্রক্রিয়ার বিস্তারিত তথ্য নিচে দেওয়া হলো:

**বিজ্ঞপ্তির তারিখ** : ২০২৬ সালের ২৪ এপ্রিল। আবেদনের শেষ তারিখ: ২০২৬ সালের ১৫ মে (রাত ১১:০০ টা পর্যন্ত)। পরীক্ষার তারিখ (CBT): জুলাই-আগস্ট ২০২৬ (সম্ভাব্য)। মোট শূন্যপদ: ৭৩১টি (সম্ভাব্য, যা পরবর্তীতে বাড়তে পারে)। অফিসিয়াল ওয়েবসাইট: ssc.gov.in.

**শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা** : স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে দ্বাদশ (১০+২) শ্রেণি পাস হতে হবে। বয়স (গ্রেড ডি) : ১৮-২৭ বছর (বয়স গণনা করা হবে ১ আগস্ট ২০২৬ অনুযায়ী)। বয়স (গ্রেড সি) : ১৮-৩০ বছর। বয়স শিথিলতা : নিয়ম অনুযায়ী এসসি/এসটি/ওবিসি প্রার্থীদের বয়সের ছাড় রয়েছে।

**নির্বাচন প্রক্রিয়া :**

নির্বাচন প্রক্রিয়া দুটি পর্যায়ে বিভক্ত;

**প্রথম পর্যায়:**

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (সিবিটি) হবে বহুনির্বাচনী প্রশ্ন (MCQ) ভিত্তিক, যেখানে ২০০ নম্বরের জন্য ২০০টি প্রশ্ন থাকবে। ইংরিজি ভাষার অংশটি ছাড়া, সিবিটি-র প্রশ্নগুলি দ্বিভাষিক (হিন্দি ও ইংরিজি) হবে।

**দ্বিতীয় পর্যায়: দক্ষতা পরীক্ষা**

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় পারফরম্যান্সের ভিত্তিতে প্রার্থীদের দক্ষতা পরীক্ষার জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে। বোর্ড একটি দক্ষতা পরীক্ষা পরিচালনা করবে যা শুধুমাত্র যোগ্যতা নির্ধারণী হবে। প্রার্থীদের জেনে রাখা উচিত দক্ষতা পরীক্ষাটি বাধ্যতামূলক, ও যারা এতে অংশ নেবেন না, তাদের চূড়ান্ত নির্বাচনের জন্য বিবেচনা করা হবে না।

**চূড়ান্ত নির্বাচন**: এসএসসি স্টেনোগ্রাফার নিয়োগের অধীনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে সিবিটি স্কোর ও প্রার্থীর পদ/বিভাগের পছন্দকে বিবেচনা করা হবে।

**এসএসসি স্টেনোগ্রাফার পরীক্ষার প্যাটার্ন :**

যেসব প্রার্থী ২০২৬ সালের এসএসসি স্টেনোগ্রাফার পরীক্ষায় অংশ নিতে চলেছেন, তাদের স্টেনো পরীক্ষার ধরণ সম্পর্কে পরিচিত থাকা উচিত, যা একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হিসাবে পরিচালিত হবে।

পরীক্ষা দেওয়ার জন্য মোট ২ ঘণ্টা সময় বরাদ্দ করা হবে।

এই পর্যায়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ চূড়ান্ত মেধা তালিকাটি শুধুমাত্র সিবিটি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করেই তৈরি করা হবে।

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ১/৩ নম্বর কাটা যাবে।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা একাধিক শিফটে অনুষ্ঠিত হলে প্রার্থীদের প্রাপ্ত নম্বর নরমালাইজেশন করা হবে।

জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং ৫০টি প্রশ্ন ৫০ নম্বর, জেনারেল অ্যাওয়ারনেস ৫০টি প্রশ্ন ৫০ নম্বর, ইংরিজি ভাষা ও বোধগম্যতা ১০০টি প্রশ্ন ১০০ নম্বর।

স্কিল টেস্ট (Stenography Test)CBT-তে উত্তীর্ণ প্রার্থীদের জন্য এই পরীক্ষা নেওয়া হয়। এখানে প্রার্থীদের ইংরিজি বা হিন্দিতে ডিকটেশন দেওয়া হয়, যা পরে কম্পিউটার টাইপ করতে হয়। গ্রেড ডি (Grade D): ৮০ শব্দ প্রতি মিনিট (wpm) গতিতে ১০ মিনিট ডিকটেশন। গ্রেড সি (Grade C): ১০০ শব্দ প্রতি মিনিট (wpm) গতিতে ১০ মিনিট ডিকটেশন।

**আবেদন প্রক্রিয়া** : আবেদন শুধুমাত্র SSC-র অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে অনলাইনে করা যাবে। আবেদন ফি : ১০০ টাকা (মহিলা, এসসি, এসটি, পিডব্লিউডি ও প্রাক্তন সৈনিকদের জন্য ফি মকুব)। ফর্ম সংশোধনী : ফর্মের ভুল সংশোধনের জন্য ২০২৬ সালের ২০, ২১ মে উইন্ডো খোলা হবে।

**অনলাইন আবেদন পদ্ধতি** : প্রথমে এসএসসির অফিসিয়াল ওয়েবসাইট https://ssc.gov.in এ যান।

যাদের রেজিস্ট্রেশন করা নেই, তারা Register Now-এ ক্লিক করে নিজের নাম, বাবার নাম, মায়ের নাম, জন্ম তারিখ, ফোন নম্বর, ইমেইল আইডি ইত্যাদি দিয়ে One Time Registration (OTR) সম্পন্ন করে নিন।

এরপর প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে Live Examination সেকশনে ক্লিক করে 'Stenographer Grade C and D' নিয়োগের নিচে Click Here to Apply তে ক্লিক করুন।

আবেদনপত্র পূরণ করুন।

প্রয়োজনীয় নথিপত্র যেমন ফটো, সিগনেচার ইত্যাদি স্ক্যান করে আপলোড করুন।

নির্দিষ্ট আবেদন ফি জমা দিন।

অ্যাপ্লিকেশন প্রিভিউ করে সাবমিট করুন।

এস.এস.সি, রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# ৪৮,৩১২ AI বেসড গ্রাফিক্স ডিজাইনার

১ পাতার পর

কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৫.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন** : এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জানুয়ারি - মার্চ) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন।** সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই**, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কন্টেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI বেসড ওয়েব ডিজাইনিং ও AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## চাকরির জগতে বিরল নজির

# কীভাবে সাধারণ গ্র্যাজুয়েট হয়েও গ্রাফিক্স ডিজাইনিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম


রাহুল শ
গ্রাফিক্স ও UI/UX ডিজাইনার

আমি, রাহুল শ। সরশুনা কলেজ থেকে সায়েন্স নিয়ে গ্র্যাজুয়েশন পাশ করি। তারপর অনেকদিন চাকরির খোঁজে ইন্টারভিউ দিয়েছি। কিন্তু কোথাও শিঁকে ছেড়েনি। কিন্তু একটা ব্যাপারে আমি নিশ্চিত ছিলাম— লেগে থাকলে চাকরি হবেই। কিছুতেই আশা হারালে চলবে না। এই আশায় আমি প্রত্যেক সপ্তাহে কর্মসংস্থান কাগজ রাখতাম। প্রথম থেকে শেষ পাতা পর্যন্ত খুঁটিয়ে পড়তাম। আর বাকি সময়টা হাত খরচ চালানোর জন্য টিউশানি করতাম। নিজেকে সমানে প্রশ্ন করতাম এর শেষ কোথায়? উত্তরটা একদিন পেলাম কর্মসংস্থান কাগজেই। ওখানেই প্রথম পাতায় একটা খবর আমার চোখ টেনে নেয়। জানতে পারলাম আমাদের রাজ্যে প্রত্যেক মাসে ২,০০০ থেকে ৩,০০০ ছেলেমেয়ে নেওয়া হয় আইটি ইন্ডাস্ট্রিতে। আমার সংশয় ছিল— আমি পারব কিনা! ওই লেখাতেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। সরাসরি ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মনে হয়েছিল আমি কি আদৌ পারবো? কারণ, আমার তো ব্যাকগ্রাউন্ড 'নন-আইটি'। কিন্তু ওখানে গিয়ে বুঝলাম— এখানে এসে আমি ভুল করিনি। আমার মত সায়েন্স গ্র্যাজুয়েট যদি ৬ থেকে ৯ মাসের ট্রেনিংয়ে নিশ্চিত চাকরি পেতে চায় — তাহলে এই প্রতিষ্ঠানটি একদম আদর্শ। প্রথম দিনেই ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৯ মাসের মধ্যে আমার কাঙ্খিত 'চাকরি' পাবো — তার পরিষ্কার গাইডলাইন বুঝিয়ে দিলেন। আমি ভাবলাম এ সুযোগ গেলে আর আসবে না। আমার সামনে 'শিক্ষিত বেকার' ট্যাগ ঘোচানোর অমোঘ হাতছানি। চাকরি আমাকে পেতেই হত। তাই সব সংশয় দূর করে, ডিসানের কাউন্সিলারদের পরামর্শ মত আমি Graphics & UI/UX Design কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারের ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। এখনকার দিনে দাঁড়িয়ে আইটি ইন্ডাস্ট্রির অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা আর্নস্ট অ্যান্ড ইয়ং-এর মতে আগামী বছরের মধ্যে গ্রাফিক্স ডিজাইনিংয়ে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ২২-২৪ হাজার লোক লাগে) ৩৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং বা ইউজার টেস্টিংয়ের প্রয়োগ করে, ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। অর্থাৎ গোদা বাংলায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। গত বছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি কলকাতার একটি নামী সফটওয়্যার ডেভেলপিং সংস্থায় গ্রাফিক্স ডিজাইনার হিসাবে চাকরি পাই। শুরুতে আমার প্যাকেজ ছিল বছরে ১,৯৭,০০০ টাকা। ২ বছর পর আমার গ্রাফিক্স ট্রেনার হিসাবে পদন্নোতি হয়। এ কথা আমি জোর দিয়ে বলতে পারি এখন আমি যে প্যাকেজ পাই তা শুধুমাত্র হ্যান্ডসাম নয়, আমার কলেজের ব্যাচমেটদের মধ্যে কেউ রোজগার করে না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা-হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

# কম খরচে Law পাশ করার পর আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

বিশেষ প্রতিবেদন : প্রত্যেক পরিবারে একজন করে আইনজীবী (Advocate) থাকা জরুরি। কারণ পশ্চিমবঙ্গ তথা ভারতের রাজনৈতিক অস্থিরতা যেভাবে প্রতিনিয়ত বাড়ছে, তাতে আপনি বা আপনার পরিবার কখন কীভাবে কোন আইনি ঝামেলায় জড়িয়ে পড়বেন না তার কোনো নিশ্চয়তা নেই। তাই পরিবারের একজন আইন বিশেষজ্ঞ থাকলে আপনার আইনি সমস্যা জড়িয়ে পড়ার সম্ভাবনা কম আর জড়িয়ে পড়লেও সহজে আইনি মোকাবিলা করতে পারবেন। মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভরতি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে আইনি পেশায় প্রতিষ্ঠিত হয়েছেন। 'ল পয়েন্টে'র কিছু ছাত্রছাত্রী সরকারি ও বেসরকারি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থার 'ল' অফিসার হিসাবে সুনামের সঙ্গে চাকরি করছেন। যেসব শিক্ষিত বেকার যুবক-যুবতী ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে হতাশা ও দীশাহীনভাবে দিন কাটাচ্ছেন, তাঁরা 'ল' পয়েন্টে'র মাধ্যমে LL.B পাশ করে আইনি পেশার মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করে তুলুন। এটা শুধুমাত্র Law পড়ানোর কোচিং সেন্টার নয়, এখানে Law পাশ করে কীভাবে এই পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করবেন তার সব সহযোগিতা ও গাইড দেওয়া হয়। এই প্রতিষ্ঠানের মাধ্যমে High Court ও Lower Court Visit এবং ইন্টার্ণশিপেরও ব্যবস্থা করানো হয়। এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে আইনজীবি হিসাবে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

# মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে মালদহেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে।

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৯ ও ৩০ মে, শুক্রবার ও শনিবার মালদহ জেলা শহরের সাহাপুরের লাগোয়া বি.এম. গ্র্যান্ড হোটেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এবার মালদহর ছেলেমেয়েদের জন্য 'দুয়ারে **কর্মসংস্থান**'। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।

# ভাষা শিক্ষার প্রফেশনাল কোর্স

নিজস্ব সংবাদদাতা, আগরপাড়া : রাজ্যের অন্যতম সেরা প্রফেশনাল কোর্স শেখানোর প্রতিষ্ঠান রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের আগরপাড়া শাখা বেশ কিছু ভাষায় শর্ট টার্ম প্রফেশনাল কোর্স শুরু করছে। এই কোর্স মূলত হিন্দি, সংস্কৃত, জার্মান, জাপানিজ, ফ্রেঞ্চ, স্প্যানিশ ও ইংরিজি ভাষার হবে। অনলাইন / অফলাইন মাধ্যমে ক্লাস নেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে 'ট্রান্সলেটর' পদে আর ব্যাঙ্ক, নেট, সেট, টেট / সিটেট পরীক্ষার জন্যও আজকের দিনে দাঁড়িয়ে ভাষা শিক্ষার গুরুত্ব অপরিসীম। আগ্রহীরা বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 8240567664 / 8013706748.

# পেশাদারী প্যারামেডিকেল কোর্সে কেরিয়ারের শিখরে পৌছানোর মাইলস্টোন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ

ডাঃ কে. আর অধিকারী একটি নাম, একটি প্রতিষ্ঠান, তাঁর আদর্শে ২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন নিয়ে গঠিত এই প্যারামেডিকেল কলেজের মূল মন্ত্র "Be a professional, job will search you"। এখানে ২০২৬-২৭ সেশনে ভর্তি শুরু হয়েছে। ৩০ জুন পর্যন্ত ভর্তির ক্ষেত্রে কিছু বিশেষ সুযোগ দেওয়া হচেছ। যেমন (১) ভর্তির ক্ষেত্রে প্রতিটি ছাত্রছাত্রীর জন্য রয়েছে ভর্তি-ফি তে বিশেষ ছাড় (২) মেধাবী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিশেষ স্কলারশিপের সুযোগ (৩) প্রতিটি ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিনামূল্যে DIGITAL HEALTH & TELEMEDICINE এর Short term সার্টিফিকেট কোর্স। পশ্চিমবঙ্গের প্রথম প্যারামেডিকেল কলেজ ডাঃ কে. আর. অধিকারী কলেজ তার জম্মলগ্ন থেকেই বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য ১০০% শতাংশ চাকুরীর উপযোগী সহজলভ্য বিভিন্ন প্যারামেডিকেল কোর্স করাচেছ। আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও এই কোর্সগুলি করতে পারবে, তবে সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স মূল কোর্সের পাশাপাশি করতে হবে এবং এর জন্য অতিরিক্ত সময় লাগবে না।

বর্তমান স্বাস্থ্যপরিষেবায় চাহিদা অনুযায়ী উচ্চমাধ্যমিক পাশ করার পর কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত বিভিন্ন Allied Health Sciences কোর্সগুলি কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে করানো হচেছ। ২ বছর ও ৬ মাসের ইনটার্নশিপ মেয়াদের বিভিন্ন ডিপ্লোমা কোর্সগুলি হল Optometry (চক্ষু পরীক্ষক), O.T. (অপারেশন থিয়েটার), C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), D.M.L.T. (প্যাথোলজী), D.M.R.T. (রেডিওলজী), Dialysis (ডায়ালাইসিস), D.P.T. (ফিজিওথেরাপী), D.P.A.&E.D. (ফিজিসিয়ান অ্যাসিস্টেন্ট), E.C.G.&P.F.T. (ই.সি.জি. & পি.এফ.টি.), Anaesthesis (অ্যানাসথেসিয়া), Dental Technology & Hygiene (ডেন্টাল হাইজিন)।

এছাড়া বিজ্ঞান বিভাগের স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীরা ১ বছর ও ৬ মাস ইনটার্নশিপ মেয়াদের P.G. (Post-graduate) ডিপ্লোমার বিভিন্ন আকর্ষণীয় Allied Health Sciences কোর্সগুলি করে উচ্চ বেতনে স্বাস্থ্যক্ষেত্রে চাকুরীর জন্য বিবেচিত হতে পারেন। এইধরনের বিভিন্ন কোর্সগুলি যেমন P.G.D.M.L.T. (প্যাথোলজী), P.G.D.M.R.T. (রেডিওলজী), P.G.D.O.T.T. (অপারেশন থিয়েটার), P.G.D.D.T. (ডায়ালাইসিস), P.G.D.C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), P.G.D.G.C.T. (জেরিয়েট্রিক কেয়ার), P.G.D.H.A. (হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন) করতে পারেন।

যারা মাধ্যমিক পাশ করেছেন অথচ যেকোন কারণেই হোক পরবর্তী ক্ষেত্রে আর উচ্চশিক্ষার সুযোগ হয়ে ওঠেনি তাদের ক্ষেত্রেও স্বাস্থ্যপরিষেবায় পেশাদারীত্বের বিভিন্ন চাকুরীর উপযোগী বিশ্ববিদালয় অনুমদিত কোর্স রয়েছে কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে। তার মধ্যে যেমন রয়েছে C.M.S.&E.D. (কমিউনিটি হেলথ & এসেন্সিয়াল ড্রাগ) কোর্সটি করে গ্রামীণ স্বাস্থ্যকর্মী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার স্বর্ণ সুযোগ। এছাড়া Sanitary Inspector (স্যানীটারী ইন্সপেক্টর), Basic Practical Nursing (বেসিক প্র্যাকটিক্যাল নার্সিং), Phlebotomy (ব্লাড কালেকটর), Basic Physiotherapy (বেসিক ফিজিওথেরাপী), E.C.G. (সার্টিফিকেট ই.সি.জি.), Radiography Assistant (অ্যাসিস্টেন্ট রেডিওগ্রাফী), Yoga & Exercise (যোগা & এক্সারসাইজ) এইসকল কোর্সগুলি করে নিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করার সুযোগ।

২০০৩ সাল থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত যে সকল ছাত্র-ছাত্রীরা বিভিন্ন কোর্স পাশ করেছেন তারা আজ বিভিন্ন কেন্দ্রীয় সরকারী ও রাজ্য সরকারী হাসপাতালগুলিতে উচ্চপদে কর্মরত। তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অধীন বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, ইসার (ISSER), বি.আর.সিং হাসপাতাল, AIIMS ভুবনেশ্বর, AIIMS কল্যাণী ইত্যাদি ও রাজ্য সরকারের অধীন বিভিন্ন গ্রামীণ হাসপাতাল, রাজ্য সাধারণ হাসপাতাল, সাব-ডিভিসন হাসপাতাল, এন.আর.এস. মেডিকেল কলেজ হাসপাতাল, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল, বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল, বীরভূম মেডিকেল কলেজ হাসপাতাল, জে.এন.এম. মেডিকেল কলেজ হাসপাতাল, বাঙ্গুর ইন্সটিটিউট অফ নিউরোলজী ইত্যাদি জায়গায় কর্মরত। এছাড়া কোলকাতার রুবী জেনারেল হাসপাতাল, মণিপাল হাসপাতাল, ডিসান হাসপাতাল, চার্ণক হাসপাতাল, বি.এম.আর.আই, অ্যাপোলো গ্লিনেগ্লেস হাসপাতাল, সুশ্রুত আই হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী আই হাসপাতাল, লেন্সকার্ট আই প্লাস, টাইটান আই কেয়ার, ডাঃ লাল প্যাথল্যাব, সিরাম ডায়গনস্টিক ও মফঃস্বলে ছড়িয়ে ছিটিয়ে থাকা বিভিন্ন ডায়গনস্টিক সেন্টার গুলিতে উচ্চবেতনে কর্মরত।

কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে পাঠ চলাকালীন বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ও কলেজের নিজস্ব ও.পি.ডি. তে হাতেকলমে কাজ শেখার জন্য উন্নতমানের ট্রেনিং এর ব্যবস্থা আছে ও এছাড়াও রয়েছে বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, এস.ডি. হাসপাতাল ও রাজ্য সাধারণ হাসপাতালগুলিতে ৬ মাসের ইনটার্নশিপের সুযোগ।

পরিশেষে বলতেই হয় ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের জন্য ডাঃ কে. আর. অধিকারী কলেজের প্লেসমেন্ট সেল সত্যিই প্রশংসনীয়। এইজন্যই সকল অভিভাবক-অভিভাবিকাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি আর কালবিলম্ব না করে অতিস্বত্বর যোগাযোগ করুন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজীর একমাত্র ক্যাম্পাস WEBEL IT Park (Phase-II), Kalyani, Nadia, 741235 (near Buddha Park) অথবা 9339218894 / 9477425536 / 8100149510 এই নম্বরগুলিতে যোগাযোগ করে বিস্তারিত জানার জন্য নিজেদের নাম লিপিবদ্ধ করুন।

# বিমানবাহিনীতে ১২০ ক্লার্ক

১ পাতার পর

**হিন্দি টাইপিস্ট :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি বা, হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য।

**সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। গাড়ি চালানোর কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ওপরের সব পদের বেলায়ই বয়স হতে হবে ১-৬-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স-৭ অনুযায়ী।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (৩) জেনারেল ইংলিশ, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সফল হলে প্র্যাক্টিক্যাল টেস্ট / ফিজিক্যাল টেস্ট / ইন্টারভিউ।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ৪ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি অ্যাকনলেজমেন্ট কার্ডে সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (২) নিজের নাম-ঠিকানা লেখা ১০ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম, (৩) বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৫) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন *''APPLICATION FOR THE POST OF ...... AND CATEGORY .......... AGAINST ADVERTISEMENT NO. 01/2026'*. আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.employmentnews.gov.in দরখাস্ত পৌঁছনো চাই ১ জুনের মধ্যে। যিনি যে এয়ার ফোর্স স্টেশনের জন্য দরখাস্ত করবেন, সেই ঠিকানায় দরখাস্ত পাঠাতে হবে।

কোন স্টেশনে ক'টি শূন্যপদ ও দরখাস্ত পাঠানোর ঠিকানা :

**HQ MAINTENANCE COMMAND, IAF**

(1) AOC, Air Force Station, Chakeri, Kanpur-208008, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

(2) CO, 8 Base Repair Depot, Air Force, Air Force Station, Avadi, Chennai-600055, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (ও.বি.সি.)।

(3) AOC, 9 Base Repair Depot, Air Force, Nagar Road, PO-Dunkirk Line SO, Pune-411014, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

(4) Stn Cdr. 15 Base Repair Base Repair Depot, Air Force, Village & Post Vadsar, Tal. Kalol, Distt-Gandhinagar, Gujarat-382721, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ ১)। (5) AOC, 23 Equipment Depot, Air Force Station, Avadi, IAF (Post), Chennai-600055, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১), সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) ১টি (ই.ডব্লু.এস.)। (6) AOC, 25 Equipment Depot, Air Force, Air Force Station, Devlali (South), Distt-Nasik, Maharashtra-422501, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (ও.বি.সি.)। (7) AOC. 28 Equipment Depot. Air Force, Amla Depot (PO), Distt Betul, Madhya Pradesh-460553, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (তঃজাঃ)। (8) CO, 29 Equipment Depot, Air Force Station, Chakeri, Kanpur - 208008. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)।

**HQ TRAINING COMMAND, IAF**

(1) Commanding Officer, ETI, AF Jalahalli East, Bengaluru-560013, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (2) Commanding Officer, Mechanical Training Institute (MTI) C/o AF Station Tambaram, Chennai-600046, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (ও.বি.সি.)। (3) Commanding Officer, Navigation Training School (NTS) C/o AF Stn Begumpet, Bowenpally PO, Hyderabad-500011, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ)। (4) Commanding Officer, REB(S) C/o AF Stn Tambaram Chennai-600046, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (5) Commanding Officer, Training Command (U), AF JC Nagar Post, Hebbal, Bengaluru-560006. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)।

**HQ CENTRAL AIR COMMAND, IAF**

(1) AOC, Air Force Station, Agra, Uttar Pradesh-282008, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (2) AOC, Air Force Station, Bareilly, Uttar Pradesh-243002, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ)। (3) AOC, Air Force Station, Maharajpur Gwalior, Madhya Pradesh-474020. শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (তঃউঃজাঃ ১)।

**HQ WESTERN AIR COMMAND, IAF**

(1) Air Officer Commanding, Air Force Station, Ambala Ambala Cantt, Haryana- 133001, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (ই.ডব্লু.এস.)। (2) Air Officer Commanding. Air Force Station, Adampur Doaba, Distt-Jalandhar, Punjab-144103, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১)। (3) Air Officer Commanding, Air officer Station, Halwara PO-Halwara-AD, Teh-Raikot, Distt-Ludhiana Punjab-141106, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (ও.বি.সি.)। (4) Air Officer Commanding, Air Force Station, Pathankot Dhaki Road Pathankot, Distt- Pathankot, Punjab 145001, শূন্যপদ : সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেডঃ) ১টি (ও.বি.সি.)। (5) Air Officer Commanding Air Force Station, Nal, Bikaner, Rajasthan-334004. শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ)।

**HQ EASTERN AIR COMMAND, IAF**

(1) Air Officer Commanding, Air Force Station, Jorhat. Assam-785004, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (2) Air Officer Commanding, Air Force Station, Tezpur, Assam-784104, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (ও.বি.সি.)। (3) Air Officer Commanding, Air Force Station, Guwahati, Assam-781015, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (4) Station Commander, Air Force Station, Mohanbari, Assam-780012, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (তঃজাঃ)। (5) Commanding Officer, ALG Along, C/o Air Force Station, Mohanbari, Assam-786012, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (6) Air Officer Commanding. Air Force Station, Arjan Singh, Panagarh, West Bengal-713148. শূন্যপদ : সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) ১টি (ও.বি.সি.)।

**HQ SOUTH WESTERN AIR COMMAND, IAF**

(1) C Adm O, Air Force Station, Kolshet Road PO- Sandoz Bagh, Thane (Maharashtra), Pin Code 400607, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (ও.বি.সি.)। (2) C Adm O, Air Force Station Darjipura Vadodara (Gujarat), Pin Code 390022, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (3) C Adm O, Air Force Station, Utarlai, Dist-Barmer (Rajasthan), Pin Code 344035, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ)। (4) C Adm O, Air Force Station, Kalina, Santa Cruz (E) Mumbai, (Maharashtra), Pin Code-400029, শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (তঃজাঃ ১)। (5) C Adm O, Air Force Station, Jamnagar (Gujarat) Pin Code - 361003. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)।

**HQ SOUTHERN AIR COMMAND, IAF**

(1) Commanding Officer HQ Southern Air Command (Unit), Akkulam, Trivandrum-695011. শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (ও.বি.সি.)।

**INDEPENDENT UNITS, IAF**

(1) Air Officer Commanding, Air Force Station, Race Course, Lok Kalyan Marg, New Delhi-110003, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। (2) Air Officer Commanding, Air Force Station Sohna Road, Gurgaon-122001, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (জেনাঃ)। (3) President, Central Airmen Selection Board Brar Square, Delhi Cantt, New Delhi-110010, শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি (ও.বি.সি.)। (4) Air Officer Commanding, Air Force Central Accounts Office, Subroto Park, New Delhi-110010. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি (ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

দরখাস্তের বয়ান :

**PROFORMA FOR APPLICATION**

**APPLICATION FOR THE POST OF ____________ In ____________ Unit**

(1) Post applied for : ____________

(2) Name of Candidate: ____________
(In Block letters)

(3) Father's Name: ____________

(4) Date of Birth : ........... / ........ / ..............
(attach copy of Birth Certificate self attested)

**Paste a self attested Photograph**

(5) Age as on the last date : Years ________ Months ________ Days ________
prescribed for receipt of application

(6) Address for correspondence
House No/Street/Village ____________
Post Office ____________ Dist ____________
State ____________ Pin Code ____________

(7) Permanent Address
House No/Street/Village ____________
Post Office ____________ Dist ____________
State ____________ Pin Code ____________

(8) Caste: Gen/OBC/SC/ST ____________
(attach self-attested certificate in case of SC/ST/OBC)

(9) Educational Qualification : ____________
(attach education certificate self-attested)

(10) Any other qualification/experience: ____________

(11) Category for which applied: Gen (UR)/OBC/SC/ST/EWS/Ex-Serviceman/ Physically Handicapped ____________ (attach self-attested copy)

(12) Technical Training/Experience: ____________

(13) Domicile : ____________
(attach self-attested copy)

(14) Whether registered with any Employment Exchange: Yes/No
(If yes, mention Registration No. and Name of employment exchange)

(15) I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief, if particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

**Date:** **Signature of candidate**

**FOR OFFICIAL RECORD ONLY**

1. Received on ____________
2. Accepted/Rejected ____________
3. Reason for rejection: Underage/Overage/incomplete documents/Any other reason to be specified ____________
4. Index No: ____________ Date of Test/skill/practical/physical test.______

**Acknowledgement Card**

Post of ____________

(1) Name: ____________

(2) Father's Name

(3) Address for correspondence (To be filled same as per Column 6 of application form)

**Paste a self attested Photograph**

House No/Street/Village ____________
Post Office ____________ Distt ____________
State ____________ Pin Code ____________

(4) Index No : ____________ Date and Time of Test/skill/practical/physical test.

(5) Venue of Written Test/ skill/practical/physical test ____________

**Signature of Controlling Officer**

**ANNEXURE-II**

**Form of Medical Certificate to be produced by the Persons with Benchmark Disabilities candidates who seek exemption from appearing in the Typewriting Test**

This is to certify that Sh./Smt./Kum. ____________ son/daughter/wife of Shri ____________ is suffering from ____________.

Clinical diagnosis as a result of which he/ she has the following disabilities. (Brief description of his/her disabilities) ____________

This is a permanent disability and the extent of his/her disability works out to ____ % of disability. This disability is likely to interfere with Typewriting (specify) ____________
____________

**Photograph of candidate clearly showing face with affected portion of the body**

**Signature of Civil Surgeon:**
**Name:**
**(Official Stamp)**
**Place:**
**Date:**

**Signature of candidate:**
**Name:**
**Roll Number:**
**CBC 10801/11/0009/2627**

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল
প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

## ২৭৬ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর

ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। শূন্যপদ : ২৭৬টি (জেনাঃ ১১৪, ই.ডব্লু.এস. ২৭, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৭৪)। পোস্ট কোড : 10. এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2026.

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর ইন্টারভিউ হবে। তারপর মেধা তালিকা বেরোবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.coalindia.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, বয়স, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেনাবাহিনীতে ১৯০ অপারেটর

১ পাতার পর

২ বছরের প্রবেশন। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : ১৯০টি (জেনাঃ ৯৪, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৪৩, ই.ডব্লু.এস. ১৯)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) জেনারেল ইংলিশ, (৪) লজিক অ্যান্ড রিজনিং। সফল হলে প্র্যাক্টিক্যাল টেস্ট।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: https://indianarmy.nic.in

পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে) ইত্যাদি প্রমাণপত্রের স্ক্যান করা কপি। যাবতীয় প্রমাণপত্র -সহ দরখাস্ত ই-মেল করবেন ৩১ মে'র মধ্যে। এই ই-মেল আই.ডি.তে : sunshine.rise@nic.in

## ৬৪০ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর

শূন্যপদ : ১৭৮টি (জেনাঃ ৭২, ই.ডব্লু.এস. ১৭, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৪৬, ব্যাকলগ ৪)। পোস্ট কোড : 11.

**ইলেক্ট্রিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি. টেক. / বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২২১টি (জেনাঃ ৯১, ই.ডব্লু.এস. ২২, তঃজাঃ ৩৩, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৫৯)। পোস্ট কোড : 12.

**মেকানিক্যাল** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি. টেক. / বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৪৫টি (জেনাঃ ৬১, ই.ডব্লু.এস. ১৪, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ৩৯)। পোস্ট কোড : 13.

**সিস্টেম** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং /ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.সি.এ. কোর্স পাশরাও আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪৩টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৪ তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১)। পোস্ট কোড : 14.

**ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি (বি.ই. / বি. টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০)। পোস্ট কোড : 15.

**জিওলজি** : জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, জিওফিজিক্স বা, অ্যাপ্লায়েড জিওফিজিক্সের এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। পোস্ট কোড : 16.

**কোম্পানি সেক্রেটারি** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ১)। পোস্ট কোড : 19.

ওপরের সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে তপশিলী ও প্রতিবন্ধীরা ৫% নম্বরে ছাড় পাবেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ইন্টারভিউয়ের সময় পাশ মার্কশীট দেখাতে হবে। বয়স হতে হবে ৩০-৪-২০২৬'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/2026.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। ৩ ঘন্টার পরীক্ষায় থাকবে ২টি পেপার। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : জেনারেল নলেজ / অ্যাওয়ারনেস, রিজনিং, নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল ইংলিশ। দ্বিতীয় পেপারে ১০০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর। সফল হলে মেধা তালিকা বেরোবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ মে থেকে ১১ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.coalindia.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, বয়স, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## নতুন সরকার, নতুন নিয়োগ



টি. কে. মিত্র

রাজ্যে ক্ষমতার পালাবদল ঘটেছে। নতুন সরকার শপথ নেওয়ায় ৫ লাখ স্থগিত বা প্রায় বাতিল হওয়া শূন্যপদে নিয়োগের একটি রুপালি রেখা দেখা দিয়েছে। আশা করা যায়, পাব্লিক সার্ভিস কমিশন, স্কুল সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশন, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন, কো-অপারেটিভ সার্ভিস কমিশন, পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড প্রভৃতি নিয়োগকারী সংস্থাগুলি আবার তাদের কৌলিন্য ও স্বকীয়তা ফিরে পাবে এবং হাজার হাজার শূন্যপদে সম্পূর্ণরূপে মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগকার্য সম্পন্ন করবে। নতুন সরকারের কাছে আবেদন রইল, বিগত সরকারের নানাবিধ নিয়োগ কারচুপি ও দুর্নীতিতে যাঁরা পরীক্ষায় বসতে পারেননি বা বসলেও মেধার ভিত্তিতে সফল হতে পারেননি, তাঁদের যেন আগামী পরীক্ষাগুলিতে বসবার সুযোগ করে দিতে বয়সের ক্ষেত্রে একটু ছাড় দেওয়া হয়।

রাজ্যের ছেলে-মেয়েরা আগামীদিনে যেসকল পরীক্ষায় বসবার জন্য প্রস্তুতি নিতে পারেন তা হল— WBCS 2025, 2026, মিসলেনিয়াস 2025, 2026, ক্লার্কশিপ 2025, 2026, IDO, মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক ও নন-টেক), ICDS সুপারভাইজার, স্কুল SI, অডিট এন্ড অ্যাকাউন্টস সার্ভিস, পুলিশ (কনস্টেবল ও SI), কোর্ট ও পুরসভাগুলিতে ক্লার্ক ও গ্রুপ 'ডি', স্কুলে প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক, ক্লার্ক ও গ্রুপ 'ডি'; টেট, সমবায় ব্যাঙ্কে ক্লার্ক ও অফিসার, পঞ্চায়েত সহায়ক প্রভৃতি। আশা করা যায়, সকল নিয়োগকারী সংস্থাগুলি তাদের রুটিন নিয়োগ প্রক্রিয়া আবার পুরোদমে চালু করবে। রাজ্যের শিক্ষিত বেকার যুবক-যুবতীদের আর ভাতার লাইনে না দাঁড়িয়ে নিশ্চিত ভবিষ্যৎ গড়বার উদ্দেশ্যে পুরোমাত্রায় এখন থেকে প্রস্তুতি শুরু করে দিতে হবে। সকল প্রকার প্রস্তুতি সহায়তায় CACES EDUCATION, 35, APC Road, Sealdah (Near Jagat Cinema), Kolkata- 9, WhatsApp- 9123325910, 9062756906, 9831897256.


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

কেরিয়ার ফেয়ার

তারিখ : ২৯ ও ৩০ মে, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

স্থান : বি.এম. গ্র্যান্ড হোটেল অ্যান্ড রিসোর্ট, সাহাপুর, মালদহ

Sponsored by :

NCSM NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943










## স্টাফ সিলেকশনের

■ *৮ বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার জন্য কেমন যোগ্যতা লাগে? এই পরীক্ষা কি প্রতি বছর হয়? শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকে? — কৌশিক বিশ্বাস, শেওড়াফুলি, হুগলি।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি আর ত্রিপুরা ও সিকিমের নকশাল অধ্যুষিত প্রার্থীদের বেলায় ১৬০ সেমি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দুরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিংবা বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

■ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও এম.টি.এস. পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে ও পরীক্ষা কোন মাসে হবে? — রাখি বিশ্বাস, উত্তরপাড়া, হুগলি।*

■■ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই ৩টি বড় বড় পরীক্ষা হয়। এই ৩টি পরীক্ষারই দরখাস্ত নেওয়া শুরু হয়েছে: (১) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই-আগস্টে। বিজ্ঞপ্তি এ মাসেই বেরোবে। (২) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই থেকে সেপ্টেম্বরে। বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে। (৩) মাল্টি টাস্কিং স্টাফ। মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স ১৮ থেকে ২৫ বা, ১৮ থেকে ২৭। পরীক্ষা হবে সেপ্টেম্বর-নভেম্বরের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোবে জুনে। দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কলেজে সহকারী অধ্যাপক | মাস্টার ডিগ্রি | - | ১৫-৫-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে- ১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| ITBP-তে ট্রেডসম্যান দরখাস্ত নেওয়া শুরু | ITI বি.এড | ১০ | ২১-৫-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| CRPF-এ কনস্টেবল ট্রেডসম্যান | মাধ্যমিক ITI | ৯,১৭৫ | ১৯-৫-২৬ | www.rect.crpf.gov.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৮৯ | - | www.bro.gov.in |
| পটনা হাই কোর্টে কম্পিউটার অপারেটর | গ্র্যাজুয়েট | ৪৭ | ১৬-৫-২৬ | https://patnahighcourt.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু | গ্র্যাজুয়েট | - | ২০-৫-২৬ | www.pscwbapplication.in |
| কেন্দ্রীয় সংস্থায় স্টেনোগ্রাফার | উচ্চমাধ্যমিক | ৭৩১ | ১৫-৫-২৬ | www.ssc.gov.in |
| সেনাবাহিনীতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৯০ | ১৩-৫-২৬ ১২-৬-২৬ | www.joinindianarmy.nic.in |
| রেলে সাইট ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৪০ | ২২-৫-২৬ | www.rlda.indianrailways.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ৬০ | ২০-৫-২৬ | www.rbi.org.in |
| ইউনিয়ন ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ১,৮৬৫ | ১৯-৫-২৬ | https://beep.bfsissc.com |

## প্রাইমারির

■ *প্রাইমারি টিচার পদের যে ইন্টারভিউ স্থগিত ছিল, তা কবে থেকে শুরু হবে? — স্বপন মাঝি, আলিপুরদুয়ার।*

■■ খুব শিগগিরই বিজ্ঞপ্তি দেওয়া হবে।

■ *প্রাইমারি 'টেট'এর জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? 'টেট' পরীক্ষায় কী কী বিষয় থাকে? বয়স কত থাকতে হবে? একবার 'টেট' পাশ করলে তার বৈধতা কতদিন থাকে? এবার থেকে কি প্রতি বছরই প্রাইমারি 'টেট' হবে? — সুজাতা বিশ্বাস, জগদীশপুর হাওড়া।*

■■ এবার থেকে প্রতি বছরই প্রাইমারি ও আপার প্রাইমারি 'টেট' হবে। প্রাইমারি 'টেট'এর জন্য যোগ্যতা লাগবে : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) / ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলে / আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ১৫০ নম্বরের এই 'টেট'এ থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই 'টেট' পরীক্ষায় ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন। একবার 'টেট'এ সফল হলে তার বৈধতা সারাজীবন থাকবে।

■ *ডি.এল.এড. কোর্স পাশরা আপার প্রাইমারির শিক্ষক-শিক্ষিকা পদের জন্য দরখাস্ত করতে পারবে কি? — কাকলি ঘোষ, প্রিয়াঙ্কা ঘোষ, বনগাঁ, উত্তর ২৪ পরগনা। শর্মিষ্ঠা বিশ্বাস, হুগলি।*

■■ হ্যাঁ, পারবেন।

## 'নেট'/ 'সেট'এর

■ *WBSEDCL-এ জুনিয়র অপারেটর টেকনিশিয়ান (জি.ও.টি.) পদের বেলায় বয়স কত থাকতে হবে? কবে বিজ্ঞপ্তি বেরোবে? — পবিত্র ঘোষ।*

■■ জুনিয়র অপারেটর টেকনিশিয়ান পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এবছর বিজ্ঞপ্তি বেরোবে।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ নতুন সরকার ক্ষমতায় এসেছে। পুলিশ বিভাগ ঢেলে সাজানো হবে।

■ *২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের চূড়ান্ত ফল কবে বেরোবে ও নিয়োগ কবে হবে? — দিব্যেন্দু জানা, ৫ নং হাট, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ চূড়ান্ত ফল শিগগিরই বেরোবে।

## পি.এস.সি.'র

■ *২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস মেনস পরীক্ষা হয়েছিল ২০২৫ সালের ৩১ আগস্ট। ফল বেরিয়েছে কি? — সৌরভ দত্ত, কল্যাণগ্রাম, আছরা, পশ্চিম বর্ধমান।*

■■ না, ফল বেরোয়নি। তবে শিগগিরই ফল বেরোবে।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ ও ফুডের সাব-ইন্সপেক্টর পদের নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — তারক চক্রবর্তী, শিলিগুড়ি।*

■■ নতুন সরকার গঠিত হয়েছে। রাজ্যে নিয়োগের ঝড় আসছে। তাই এবছরই পি.এস.সি.'র মাধ্যমে একগুচ্ছ শূন্যপদে নিয়োগ করা হবে।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা গত বছর ১৬ ও ১৭ মার্চ হয়েছিল, সেই পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। এই পরীক্ষা কি বাতিল হবে? — নিত্যানন্দ ঘোষ, জাগুলিয়া, নদিয়া।*

■■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগে বিভিন্ন থানায় প্রায় ৬০টি এফ.আই.আর. হয়। বিষয়টি নিয়ে আদালতে মামলা চলছে। এখনো পরীক্ষা বাতিলের নির্দেশ দেয়নি আদালত।

■ *২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার দরখাস্ত করার শেষ তারিখ কি বাড়ানো হয়েছে? রাজ্য সরকার ঘোষণা করেছে, সরকারি সব চাকরির পরীক্ষার বয়স ৫ বছর বাড়ানো হয়েছে। তাহলে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার জন্য এখন দরখাস্ত নেওয়া চলছে, তাই এই পরীক্ষার বয়স ৩৯ বছর থেকে বেড়ে ৪৪ বছর হবে কি? — অনিন্দিতা চক্রবর্তী, পান্ডুয়া, হুগলি।*

■■ মুখ্যমন্ত্রী ১১ মে ঘোষণা করেছেন, সরকারি সব চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়ানো হয়েছে। তাহলে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার ক্ষেত্রেও বয়স ৫ বছর বাড়বে। মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বেলায় আগে বয়স ছিল ২০ থেকে ৩৯ বছরের মধ্যে। এখন বয়স হতে হবে ২০ থেকে ৪৪ বছরের মধ্যে। সি.এম.ও. থেকে নির্দেশিকা রাজ্যের সব দফতরে পৌঁছলে তবেই নতুন নীতি কার্যকারী হয়। তাই শিগগিরই পি.এস.সি. কর্তৃপক্ষ নতুন বিজ্ঞপ্তি জারি করবে ও বয়স বাড়বে। আর দরখাস্ত করার ২০ মে থেকে বাড়ানো হবে ও যথাসময়ে পি.এস.সি.'র ওয়েবসাইটে আপডেট করা হবে।

## কোর্স ও ট্রেনিং

■ *মাধ্যমিক পাশের পর পলিটেকনিক থেকে ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করলে কেন্দ্রীয় সরকারের চাকরিতে যেখানে উচ্চমাধ্যমিক যোগ্যতা চাওয়া হয়, সেখানে দরখাস্ত করা যাবে কি? — টুবাই দাস, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ পলিটেকনিকের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের সাধারণত উচ্চমাধ্যমিকের সমতুল যোগ্যতা হিসাবে ধরা হয়। তবে সব ক্ষেত্রে নয়। তবে কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি পরীক্ষা দিতে পারবেন।

■ *উচ্চমাধ্যমিকে কত শতাংশ নম্বর থাকলে সরকারিভাবে এক্স-রে টেকনিশিয়ান কোর্স করা যায়? — পুষ্পেন্দু সর্দার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। তবে কোনো কোনো জায়গায় উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর চাওয়া হয়।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসে নবম-দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের ইন্টারভিউ কবে হবে? — রহিদুল সেখ, কুটিরঘাট লেন, শান্তিপুর, নদিয়া।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি। তবে শিগগিরই ইন্টারভিউ শুরু হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ৩০ মে পর্যন্ত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| রেলের NTPC (UG) CBT-1 পরীক্ষা | ৭ মে থেকে ২১ জুন | www.rrbapply.gov.in |

## মিসলেনিয়াস স্পেশাল

75. 'রঞ্জিত-সাগর বাঁধ' কোন নদীর ওপর অবস্থিত?
(A) বিপাশা (B) শতদ্রু (C) লুনি (D) রবি
76. পশ্চিমবঙ্গের কোন প্রতিবেশী রাজ্যের সঙ্গে সীমারেখার দৈর্ঘ্য সর্বাধিক?
(A) ঝাড়খণ্ড (B) বিহার (C) ওড়িশা (D) সিকিম
77. পশ্চিমবঙ্গের বৃহত্তম জেলার নাম কী?
(A) পুরুলিয়া (B) উত্তর ২৪ পরগনা (C) দক্ষিণ ২৪ পরগনা (D) বর্ধমান
78. ভারতের সবথেকে দীর্ঘ জাতীয় সড়ক কোনটি?
(A) বারাণসী থেকে কন্যাকুমারী (B) কাশ্মীর থেকে কন্যাকুমারী (C) সোমনাথ থেকে জিরো (D) গ্যাংটক থেকে রামেশ্বরম
79. ভারতের দীর্ঘতম হিমবাহ কোনটি?
(A) অমরনাথ (B) সিয়াচেন (C) গঙ্গোত্রী (D) পিণ্ডারি
80. ভারতের প্রথম পাটকলটি কোথায় স্থাপিত হয়েছিল?
(A) হুগলী (B) সুরাত (C) ত্রিবেণী (D) রিষড়া
81. সম্প্রতি দার্জিলিং থেকে বিচ্ছিন্ন হয়ে একটি নতুন জেলা তৈরি হল। তার নাম কী?
(A) কার্শিয়াং (B) কালিম্পং (C) শিলিগুড়ি (D) রংপো
82. তিস্তা নদীর পূর্ব দিকের নাম—
(A) তরাই (B) ডুয়ার্স (C) তাল (D) দিয়ারা
83. শিলং শহর কোন পাহাড়ে অবস্থিত?
(A) নাগা পাহাড় (B) খাসি পাহাড় (C) জয়ন্তীয়া পাহাড় (D) গারো পাহাড়
84. কোন ধরনের বনভূমি ভারতে সর্বাধিক দেখা যায়?
(A) ক্রান্তীয় আর্দ্র চিরহরিৎ বনভূমি (B) ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী বনভূমি (C) পার্বত্য অঞ্চলে আর্দ্র নাতিশীতোষ্ণ বনভূমি (D) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী বনভূমি
85. স্বাধীনতা লাভের সময় পশ্চিমবঙ্গে নীচের কোন জেলাটি ছিল না?
(A) কোচবিহার (B) দার্জিলিং (C) হাওড়া (D) মুর্শিদাবাদ
86. পশ্চিমবঙ্গের কোন নদীটি জোয়ারের জলে পুষ্ট?
(A) তিস্তা (B) মহানন্দা (C) মাতলা (D) গঙ্গা
87. 'সান্দাকফু' শৃঙ্গ কোন পর্বতমালায় অবস্থিত?
(A) সিঙ্গালিলা পর্বতশ্রেণীতে (B) দার্জিলিং পর্বতশ্রেণীতে (C) ঘুম পর্বতশ্রেণীতে (D) হিমালয় পর্বতশ্রেণীতে
88. দার্জিলিং পর্বতশ্রেণীর প্রধান শৃঙ্গের নাম কী?
(A) ঘুম (B) সান্দাকফু (C) টাইগার হিল (D) দুরিন্দারা
89. মৌচাকের মতো গঠন কোন মৃত্তিকায় দেখা যায়?
(A) লবণাক্ত মাটি (B) পলি মাটি (C) ল্যাটেরাইট মাটি (D) পডজল মাটি
90. দক্ষিণ ২৪ পরগনা জেলার দক্ষিণাংশে কোন ধরনের মাটি দেখা যায়?
(A) পলি মাটি (B) পডজল মাটি (C) ল্যাটেরাইট মাটি (D) লবণাক্ত মাটি
91. _____ হল কোশের অর্গানেল, যেখানে শ্বসন ও শক্তি উৎপাদনের জৈব রাসায়নিক প্রক্রিয়াগুলি ঘটে:
(A) রাইবোসোম (B) মাইটোকন্ড্রিয়া (C) নিউক্লিয়াস (D) ক্লোরোপ্লাস্ট
92. নীচের কোন উপাদানটি দাঁতের রোগের সঙ্গে সম্পর্কিত?
(A) ক্লোরিন (B) ব্রোমিন (C) আয়োডিন (D) ফ্লোরিন
93. মার্বেল পাথরের রাসায়নিক উপাদান কী?
(A) ক্যালসিয়াম কার্বনেট (B) ক্যালসিয়াম ফসফেট (C) ক্যালসিয়াম নাইট্রেট (D) ম্যাগনেসিয়াম কার্বনেট
94. অক্সিজেন অধাতুর সঙ্গে বিক্রিয়া করে তৈরি করে _____।
(A) লবণ (B) ধাতব অক্সাইড (C) আম্লিক অক্সাইড (D) ক্ষার অক্সাইড
95. তেজস্ক্রিয়তা মাপার একক কী?
(A) কুরি (B) ডিগ্রি (C) মাইক্রন (D) পাস্কাল
96. আয়নায় বাম হাতকে ডান হাত বলে মনে হয়, কারণ সমতল দর্পণে —
(A) প্রতিবিম্বের পার্শ্বীয় পরিবর্তন হয় না (B) প্রতিবিম্বের পার্শ্বীয় পরিবর্তন হয় (C) আলোর পূর্ণ প্রতিসরণ হয় (D) আলোর কোনো প্রতিফলন হয় না
97. এর মধ্যে কোন ধাতুটি তরল অবস্থায় থাকে?
(A) তামা (B) ব্রোমিন (C) সিলিকন (D) পারদ
98. ভিনিগারের রাসায়নিক নাম কী?
(A) অ্যাসেটিক অ্যাসিড (B) সালফিউরিক অ্যাসিড (C) পিউরিন (D) টারটারিক অ্যাসিড
99. কোন গ্যাসটি সব সীমাবদ্ধ আগুনের জন্য নিরাপদ ও কার্যকর নির্বাপক?
(A) নাইট্রোজেন ডাই-অক্সাইড (B) কার্বন ডাই-অক্সাইড (C) সালফার ডাই-অক্সাইড (D) নাইট্রাস অক্সাইড
100. ফটোস্ট্যাট মেশিনের ড্রাম কোন উপাদান দিয়ে তৈরি?
(A) অ্যালুমিনিয়াম (B) সেলেনিয়াম (C) বেরিয়াম (D) সিজিয়াম

### উত্তর

1(C). 2(D). 3(C). 4(D). 5(B). 6(A). 7(B). 8(C). 9(D).10(D). 11(A). 12(B). 13(D). 14(B). 15(A). 16(A). 17(B). 18(B). 19(D). 20(A). 21(B). 22(B). 23(C). 24(B). 25(A). 26(D). 27(B). 28(C). 29(A). 30(A). 31(C). 32(B). 33(D). 34(A). 35(C). 36(B). 37(D). 38(A). 39(D). 40(C). 41(B). 42(D). 43(C). 44(B). 45(D). 46(C). 47(A). 48(C). 49(B). 50(A). 51(D). 52(C). 53(B). 54(A). 55(B). 56(C). 57(D). 58(D). 59(A). 60(B). 61(B). 62(C). 63(A). 64(D). 65(C). 66(B). 67(D). 68(C). 69(A). 70(B). 71(A). 72(B). 73(D). 74(A). 75(D). 76(A). 77(C). 78(A). 79(B). 80(D). 81(B). 82(B). 83(B). 84(B). 85(A). 86(C). 87(A). 88(C). 89(C). 90(D). 91(B). 92(D). 93(A). 94(C). 95(A). 96(B). 97(D). 98(A). 99(B). 100(B).

## নৌবাহিনীতে ১৫ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'এক্সিকিউটিভ (ইনফর্মেশন টেকনোলজি)'-তে কাজের জন্য 'অফিসার' পদে ১৫ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার সিস্টেম, সাইবার সিকিউরিটি, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড নেটওয়ার্কিং, কম্পিউটার সিস্টেম অ্যান্ড নেটওয়ার্কিং, ডাটা অ্যানালিটিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর এম.এসসি. / বি.ই. /বি.টেক. /এম.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বি.সি.এ. বা, কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.সি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০২থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ১৫টি। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া প্রতি চোখে ৬/ ৬০, যা চশমা পড়ে ৬/ ৬, ৬/ ১২পর্যন্ত সংশোধনযোগ্য। শুরুতে ২ বছরের প্রবেশন। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে, ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে : ৫৬১০০- ১,১০,৭০০ টাকা। ১০ বছরের চাকরি, যা ১৪ বছর পর্যন্ত বাড়তে পারে। প্রার্থী বাছাই করবে সার্ভিসেস সিলেকশন বোর্ড। দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। পরীক্ষা হবে বেঙ্গালউরু, ভোপাল, কোয়েম্বাটোর বা, বিশাখাপত্তনমে। ৫ দিনের এই পরীক্ষার প্রথম দিনে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও গ্রুপ ডিসকাশন। প্রথম দিনের পরীক্ষায় সফল না হতে পারলে দ্বিতীয় শ্রেণির ট্রেন ভাড়া দিয়ে ফেরৎ পাঠানো হবে। পরের ৪ দিন হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। সফল হলে ৩-৪ দিনের ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মে থেকে ১ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Officer Entry-তে ক্লিক করে Apply Online-এ ক্লিক করলেই মূল ফর্ম পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর অ্যাপ্লিকেশন নম্বর প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণ পত্রের মূল ও প্রিন্ট কপি নিয়ে যেতে হবে।

## কোল ফিল্ডে ৫০০

১ পাতার পর

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। পারিশ্রমিক মাসে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ১৫০টি (জেনাঃ ৬০, ও.বি.সি. ১৮, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ৩৩, ই.ডব্লু.এস. ১৫)।

টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) (ট্রেনি), ক্যাটেগরি-III : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ১ বছর ট্রেনিং/ প্র্যাক্টিক্যাল অভিজ্ঞতা থাকলে যোগ্য। পারিশ্রমিক দৈনিক ১,৫৮৩.৩২টাকা। শূন্যপদ : ৩৫০টি (জেনাঃ ১৪০, ও.বি.সি. ৪২, তঃজাঃ ৫৬, তঃউঃজাঃ ৭৭, ই.ডব্লু.এস. ৩৫)।

সব পদের বেলায় বয়স হতে হবে ২৮-৫-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : MCL / HQ / Recruitment /Open / 2026/311, Date: 16-04-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। কোথায় পরীক্ষা হবে তা ফর্ম পূরণের সময় জানতে পারবেন। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৭০ নম্বর আর জেনারেল বিষয়ে ৩০ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। লিখিত পরীক্ষায় সাধারণ / ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪৫% (তপশিলী হলে ৩৫%, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https:/ /mahanadicoal.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পার্শপোর্ট মাপের ফটো, সিগনেচার আর শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ২৯ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : আই.আই.টি. ভিলাই জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ২৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট : মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট সংক্রান্ত কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। বেসিক পে ২১,৭০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ২, তঃউঃজাঃ১, ও.বি.সি. ৪, ইডব্লু.এস. ২)।

জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট : কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি বি.ই./ বি.টেক/বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। সায়েন্স শাখার এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আর ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, প্রতিবন্ধী ১)।

ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : IITBhilai/ESTT/Staff-Rec./2026/69, Date : 23.04.2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। কবে, কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.iitbhilai.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, মহিলা, প্রতিবন্ধী হলে ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সরকারি চাকরিতে বয়স ৫ বছর বাড়ল

১ পাতার পর

তৈরি হল। বয়সের কারণে যাঁরা এতদিন সরকারি চাকরির প্রস্তুতি নিতে পারছিলেন না, তাঁরা এবার থেকে নতুন করে সরকারি চাকরির প্রস্তুতি নিতে পারবেন।

প্রাইমারি টিচার, আপার প্রাইমারি টিচার, একাদশ-দ্বাদশ শ্রেণির টিচার, স্পেশাল এডুকেশন টিচার পদে বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর থেকে বেড়ে ৪৫ বছর হল। ক্লার্কশিপ, গ্রুপ-ডি পদে বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর থেকে বেড়ে ৪৫ বছর হল। পি.এস.সি. মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা, আই.ডি.ও., মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর পদের বয়স ৩৯ বছর থেকে বেড়ে ৪৪ বছর হল। ডব্লু.বি.সি.এস. 'এ', 'বি' ও 'সি' গ্রুপে বয়স ৩৬ বছর থেকে বেড়ে ৪১ বছর হল, ডব্লু.বি.সি.এস. 'ডি' গ্রুপে বয়স ৩৯ বছর থেকে বেড়ে ৪৪ বছর হল। পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল, লেডি কনস্টেবল পদে বয়স ৩০ বছর থেকে বেড়ে ৩৫ বছর হল। পুলিশের সাব-ইন্সপেক্টর পদে বয়স ৩০ বছর থেকে বেড়ে ৩৫ বছর হল। স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি, পঞ্চায়েত স্তরে নিয়োগের ক্ষেত্রে বয়স ৪০ বছর থেকে বেড়ে ৪৫ বছর হল। এছাড়াও তপশিলী জাতি, ও.বি.সি., প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন পদের বেলায় কত তারিখের হিসাবে বয়স গুণতে হবে তা সংশ্লিষ্ট পদের বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

প্রথম মন্ত্রিসভার বৈঠকে নতুন সরকার বেকারত্ব দূরীকরণ ও স্বচ্ছ নিয়োগের ক্ষেত্রে এক বলিষ্ঠ পদক্ষেপ নিল। নতুন সরকারের এই ঘোষণায় বেকার ছেলেমেয়েরা খুশি।

মুখ্যমন্ত্রী আরো জানান, পশ্চিমবঙ্গবাসী যে যে ভাতা আগে পেতেন, সব ভাতাই চালু থাকবে। লক্ষ্মীর ভাণ্ডার (নাম বদলে অন্নপূর্ণা ভাণ্ডার), যুবসাথী, যুবশ্রী-সহ যাবতীয় স্কলারশিপ বা, ভাতা যেমন দেওয়া হচ্ছিল, তেমনই দেওয়া হবে। এইসঙ্গে কেন্দ্রীয় সরকারের সব সামাজিক প্রকল্পও চালু হবে।

## মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষাতেও বয়সে ছাড়

১ পাতার পর

সার্ভিসেস পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া চলছে। তাই মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বেলায়ও বয়স ৫ বছর বাড়ানো হবে। তবে সরকারি নির্দেশিকা না আসা পর্যন্ত ৩৯ বছরের বেশি বয়সী প্রার্থীরা মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার জন্য কবে থেকে দরখাস্ত করতে পারবেন, তা ঠিক হয়নি। শিগগিরই পি.এস.সি. কর্তৃপক্ষ এই সংক্রান্ত বিজ্ঞপ্তি দেবে। প্রসঙ্গত উল্লেখ্য, এই পদে দরখাস্ত করার শেষ তারিখ আছে ২০ মে। তাই দরখাস্ত করার শেষ তারিখও বাড়তে পারে।

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। কোন বিজ্ঞানী প্রথম 'ভিটামিন' শব্দটি প্রয়োগ করেন — ক্যাসিমির ফাঙ্ক।

২। ক্যান্সার সৃষ্টিকারী জিনকে বলে — অঙ্কোজিন।

৩। কোন জীবাণু থেকে 'হাম' রোগ হয় — রুবেওলা।

৪। মহাকর্ষীয় তরঙ্গের প্রবক্তা হলেন — অ্যালবার্ট আইনস্টাইন।

৫। 'সোরা'র রাসায়নিক নাম হল — পটাশিয়াম নাইট্রেট (ফর্মুলা - $KNO_3$)।

৬। 'ফায়ারি আইস' কাকে বলে — মিথেন হাইড্রেট।

৭। কোন জ্বালানি পোড়ালে প্রধানত সালফার ডাই অক্সাইড গ্যাস বাতাসে আসে — ডিজেল।

৮। রক্তচাপ মাপার জন্য কোন যন্ত্র ব্যবহার করা হয় — স্ফিগমোম্যানোমিটার।

## ইতিহাস

৯। 'দিল্লি ষড়যন্ত্র মামলা'র মূল আসামী কে ছিলেন — বসন্ত বিশ্বাস (দিল্লি ষড়যন্ত্র মামলা হয়েছিল ১৯১২ সালে)।

১০। কোন মামলায় অরবিন্দের জেল হয় — আলিপুর বোমা মামলা (আলিপুর বোমা মামলার ষড়যন্ত্র হয়েছিল ১৯০৮ সালে)।

১১। আল্লুরি সীতারাম রাজু ভারতের কোন রাজ্যের আদিবাসী স্বাধীনতা সংগ্রামী ছিলেন — আন্ধ্রা প্রদেশ।

১২। কার অধীনে ১৮ শতকে বাংলা ধীরে ধীরে মোগল নিয়ন্ত্রণ থেকে বিচ্ছিন্ন হয় — মুর্শিদকুলী খান।

১৩। ভারতের ভিতরে ও বাইরে বিপ্লবী আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণকারী একমাত্র ভারতীয় রাজপুত্র ছিলেন — রাজা মহেন্দ্র প্রতাপ।

১৪। বাংলায় মুসলিম নবজাগরণের জনক হিসাবে পরিচিত — নবাব আব্দুল লতিফ খান।

১৫। কোন ধর্মগ্রন্থটি প্রশ্ন ও উত্তরের আকারে রচিত — অভিধম্ম পিটক।

১৬। কার রাজত্বকালে চতুর্থ বৌদ্ধ পরিষদ অনুষ্ঠিত হয়েছিল — কণিষ্ক (কাশ্মীরের কুণ্ডলবনে ৭২ খ্রিস্টাব্দে)।

## ভূগোল

১৭। 'ইন্দিরা গান্ধী সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্ট' কোন রাজ্যে অবস্থিত — হরিয়ানা (ঝাজ্জর জেলা)।

১৮। 'মুল্লাপেরিয়ার বাঁধ' কোন দুই রাজ্যের মধ্যে দীর্ঘদিনের অমীমাংসিত একটি বিষয় — তামিলনাড়ু ও কেরলম।

১৯। 'ছোটনাগপুর মালভূমি'র বৃহত্তম অংশ কোনটি — রাঁচি মালভূমি (উচ্চতা প্রায় ৭০০ মিটার। দামোদর নদী এখান থেকেই উৎপন্ন হয়েছে)।

২০। ভারতের কত শতাংশ ভূখণ্ড মাঝারি ও উচ্চ ভূমিকম্পপ্রবণ অঞ্চলের আওতায় আসে — ৬০%।

২১। হিমালয়ের পাদদেশীয় অঞ্চল কোন নামে পরিচিত — শিবালিক (এটি সিন্ধু নদী থেকে ব্রহ্মপুত্র নদী পর্যন্ত বিস্তৃত, যার গড় প্রস্থ ১০ থেকে ৫০ কিলোমিটার)।

২২। কোন রাজ্যে গঙ্গা নদী সর্বাধিক দৈর্ঘ্য অতিক্রম করেছে — উত্তর প্রদেশ (১,১৪০ কিলোমিটার)।

২৩। ভারতের জলপ্রপাতগুলির মধ্যে কোনটি সবথেকে উঁচু — কুঞ্চিকাল জলপ্রপাত (প্রায় ১,৪৯৩ ফুট)।

২৪। হিমালয়ের পাদদেশীয় অঞ্চল কোন নামে পরিচিত — শিবালিক (এটি সিন্ধু নদী থেকে ব্রহ্মপুত্র নদী পর্যন্ত বিস্তৃত, যার গড় প্রস্থ ১০ থেকে ৫০ কিলোমিটার)।

## অর্থনীতি

২৫। নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি লাইসেন্সের জন্য 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর অনুমোদন পেল কোন ফিনটেক কোম্পানি — ওয়ান মোবিকুইক সিস্টেমস লিমিটেড।

২৬। ইউপিআই প্ল্যাটফর্মে রুপে ক্রেডিট কার্ড চালু করতে কোন ফিনটেক স্টার্টআপের সঙ্গে অংশীদারিত্ব করল 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক' — কিউই।

২৭। ভারতের শিল্প উৎপাদন প্রবৃদ্ধি পাঁচ মাসের মধ্যে সর্বনিম্ন কত শতাংশে নেমে এসেছে — ৪.১%।

২৮। আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কিং সেক্টরকে শক্তিশালী করতে 'সহকারী ব্যাঙ্ক ক্ষমতা নির্মাণ' চালু করল কোন ব্যাঙ্ক — ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

২৯। 'সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেস'এর অধীনে প্রথম প্রতিষ্ঠান হিসাবে, বায়োকেমিস্ট্রি ও হেমাটোলজি বিভাগের জন্য আইএসও ১৫১৮৯ : ২০২২ স্বীকৃতি পেল কোন সংস্থা — কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রকের অধীন বেঙ্গালউরুর 'সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট'এর ক্লিনিক্যাল ল্যাবরেটরি।

৩০। জিবুতির প্রেসিডেন্ট এখন কে —



ইসমাইল ওমর গুয়েলে।

৩১। 'ইনফোসিস'এর বিশ্বব্যাপী প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — টেনিস তারকা কার্লোস আলকারাজ।

৩২। এবছর 'হার্ভার্ড সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন'এর তরফ থেকে 'বর্ষসেরা ব্যক্তিত্ব' হিসাবে নির্বাচিত হলেন কে — বলিউড অভিনেত্রী সায়নী গুপ্তা (চলচ্চিত্র, স্টোরিটেলিং ও দক্ষিণ এশীয় পরিচয়কে বিশ্বমঞ্চে সাহসিকতার সঙ্গে তুলে ধরার জন্য তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে)।

৩৩। কোন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা ব্যবহৃত প্লাস্টিক বোতল থেকে পার্কিনসন রোগের অত্যাবশ্যকীয় ওষুধ L-DOPA/LEVODOPA তৈরি করেছেন — এডিনবরা বিশ্ববিদ্যালয়।

৩৪। 'বিশ্ব হিমোফিলিয়া দিবস' কবে পালিত হয় — ১৭ এপ্রিল।

৩৫। টানা তৃতীয় মেয়াদের জন্য, বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান পদে নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন কে — সাংবাদিক-রাজনীতিবিদ হরিবংশ নারায়ণ সিং।

৩৬। ভারতীয় সেনাবাহিনীর 'রেজিমেন্ট অফ আর্টিলারি' তাদের কততম বার্ষিকী উদযাপনের অংশ হিসাবে 'সমুদ্র সাহস' নামে একটি বিশেষ ব্লু ওয়াটার সেলিং অভিযান 'সমুদ্র সাহস'এর সূচনা করেছে — ২০০ তম।

৩৭। এবছর ফ্রান্সের বোর্দো শহরে, ১৫ তম 'ইউরোপিয়ান গার্লস ম্যাথমেটিক্স অলিম্পিয়াড'এ ভারতের ইতিহাসে প্রথম সোনার পদক জিতে ইতিহাস গড়লেন কে — মুম্বইয়ের শ্রেয়া শান্তনু মুন্ধাদা।

৩৮। ভারতের প্রথম জল-নিরপেক্ষ রেল ডিপো কোনটি — গুজরাতের আহমেদাবাদের কাঁকারিয়া কোচিং ডিপো।

৩৯। 'মেঘালয় সরকারি ভাষা অধ্যাদেশ, ২০২৬' অনুমোদন করে কোন দু'টি ভাষাকে পূর্ণাঙ্গ সরকারি ভাষার মর্যাদা দিল মেঘালয় মন্ত্রিসভা — 'গারো' ও 'খাসি'।

৪০। 'ব্লুমবার্গ বিলিওনেয়ার ইনডেক্স'এর তথ্য অনুযায়ী, মুকেশ আম্বানিকে ছাড়িয়ে এশিয়ার সবথেকে ধনী ব্যক্তির শিরোপা পেলেন কে — 'আদানি গ্রুপ'এর চেয়ারম্যান গৌতম আদানি (আদানি গ্রুপের শেয়ারের দাম বাড়ায় তাঁর মোট সম্পদ বেড়ে দাঁড়িয়েছে ৯২.৬ বিলিয়ন ডলার)।

৪১। ভারতের প্রথম চিপ তৈরির কারখানা কোথায় স্থাপিত হতে চলেছে — গুজরাতের ধোলেরা স্পেশাল ইনভেস্টমেন্ট রিজিয়নে।

৪২। প্রথম ভারতীয় কোম্পানি হিসাবে, গম ও ধানের জন্য বিশ্বব্যাপী স্বীকৃত 'ফার্ম সাসটেইনেবিলিটি অ্যাসেসমেন্ট' ৩.০ সার্টিফিকেট অর্জন করে এক নয়া মাইলফলক গড়ল কারা — আইটিসি লিমিটেড।

৪৩। প্রথম ভারতীয় জল সরবরাহকারী সংস্থা হিসাবে, নিজেদের শক্তি ব্যবস্থাপনার জন্য আইএসও ৫০০০১:২০১৮ সার্টিফিকেশন পেল কারা — বেঙ্গালউরু জল সরবরাহ ও পয়ঃনিষ্কাশন পর্ষদ।

৪৪। ডেপুটেশন ভিত্তিতে 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'র সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন কে — বিকাশ কুমার।

৪৫। সড়ক দুর্ঘটনায় প্রাণহানি কমাতে 'প্রোজেক্ট সঞ্জীবনী' চালু করল কোন রাজ্য — তেলেঙ্গানা (এটি ভারতের প্রথম সম্পূর্ণ সমন্বিত ও প্রযুক্তি নির্ভর হাইওয়ে ট্রমা কেয়ার ও রেসকিউ প্রোটোকল)।

৪৬। ২০৩০ সালের মধ্যে ১০০ কোটিরও বেশি মানুষের জন্য জল নিরাপত্তা নিশ্চিত করতে 'ওয়াটার ফরোয়ার্ড' নামে একটি বৈশ্বিক উদ্যোগ চালু করল কোন সংস্থা — বিশ্বব্যাঙ্ক গোষ্ঠী।

৪৭। ভারতের প্রথম পেট্রোগ্লিফ সংরক্ষণ উদ্যান কোথায় তৈরি হচ্ছে — লাদাখে সিন্ধু নদীর তীরে সিন্ধু ঘাটে।

৪৮। বাংলাদেশে, ভারতের হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দীনেশ ত্রিবেদী।

৪৯। ২০২৪-'২৫ সালের জন্য নবম 'অধ্যাপক এম.এস.স্বামীনাথন পুরস্কার' পেলেন কে — ড.চেরুকুমাল্লি শ্রীনিবাস রাও (জলবায়ু সহনশীল কৃষি ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৫০। এবছর ফেমিনা 'মিস ইন্ডিয়া ওয়ার্ল্ড'এর শিরোপা পেলেন কে — গোয়ার উদ্যোক্তা ও মডেল সাধ্বী সতীশ সাইল।

৫১। ডিজিটাল অ্যারেস্ট মোকাবিলায় ও সাধারণ মানুষকে প্রতারণার হাত থেকে বাঁচাতে, এআই চালিত চ্যাটবট চালু করল কোন সংস্থা — সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন।

৫২। হেলথ সাপ্লিমেন্টগুলিতে ও খাদ্যদ্রব্যে কোন পাতা ও তার নির্যাস ব্যবহার নিষিদ্ধ করল 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া' — অশ্বগন্ধা।

৫৩। এবছর 'ন্যাশনাল ইসিএইচও ইউথ ইনোভেশন সামিট'এ 'ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার' জাতীয় পুরস্কার পেলেন কে — কেরলের উদ্ভিদবিজ্ঞানী গবেষক এন.আলিম ইউসুফ (আক্রমণাত্মক উদ্ভিদ প্রজাতি শনাক্ত করার লক্ষ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক মোবাইল অ্যাপ 'NeophyteID' উদ্ভাবনের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৫৪। কাকচিং জেলার খারুংপাতে, একটি পাখি অভয়ারণ্য গড়ে তোলার সিদ্ধান্ত নিল কোন রাজ্য — মণিপুর।

৫৫। ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — শৈলেশ বনসাল।

৫৬। আন্ধ্রা প্রদেশ হাই কোর্টের প্রধান বিচারপতি হিসাবে শপথ নিলেন কে — লিসা গিল।

৫৭। পেনসিলভানিয়ায় ইউএস আর্মি ওয়ার কলেজের 'আন্তর্জাতিক হল অফ ফেম'এ অন্তর্ভুক্ত হলেন কে — ভারতীয় সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী।

৫৮। কোথায় ভারতের প্রথম ও একমাত্র অত্যাধুনিক অ্যালক্যালাইন ব্যাটারি ইউনিট চালু করল 'এভারেডি ইন্ডাস্ট্রিজ ইন্ডিয়া লিমিটেড' — জম্মু ও কাশ্মীরের সাম্বা এলাকায়।

৫৯। লন্ডনে 'হাউস অফ লর্ডস'এ, 'ওয়ার্ল্ড ক্লাইমেট লিডারস কনক্লেভ'এ 'গ্লোবাল গ্রিন আইকন' উপাধিতে ভূষিত হলেন কে — যোগিনীপল্লি সন্তোষ কুমার (পরিবেশ সংরক্ষণ, নাগরিক-নেতৃত্বাধীন জলবায়ু কার্যক্রমের ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬০। এবছর 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর তরফ থেকে, 'ইয়ং গ্লোবাল লিডার' হিসাবে নির্বাচিত হলেন কে — আর্থার ল (প্রযুক্তি ভিত্তিক সেলফ স্টোরেজ সমাধানের মাধ্যমে শহরে জীবনযাত্রার রূপান্তর আর টেকসই উন্নয়ন ও মানবকল্যাণকর কাজে অসামান্য অবদানের জন্য এই স্বীকৃতি পেলেন তিনি)।

৬১। 'ন্যাসকম'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — শ্রীকান্ত ভেলামাকান্নি।

৬২। সপ্তম 'ইন্ডিয়া-ভুটান জয়েন্ট গ্রুপ অফ কাস্টমস' মিটিং কোথায় হয়েছে — কেরলমের মুন্নার।

৬৩। ১৪৩২ বঙ্গাব্দের 'আনন্দ পুরস্কার'এ ভূষিত হলেন কে — লেখক পরিমল ভট্টাচার্য ('সাতপাঁর হাওয়ার্তাতিরা' উপন্যাসের জন্য)।

৬৪। 'গ্র্যাপলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — সিকান্দার কুমার।

৬৫। ভারতের প্রথম উন্নতমানের ৩ডি চিপ প্যাকেজিং ইউনিট কোথায় চালু হয়েছে — ওড়িশার ভুবনেশ্বরে অবস্থিত 'ইনফো ভ্যালি'।

৬৬। 'অ্যাপল'এর পরবর্তী চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — জন টার্নাস।

৬৭। জল সংরক্ষণকে উৎসাহিত করার লক্ষ্যে, 'জল পখওয়াড়া' (জল পক্ষ) অভিযান আয়োজন করেছিল কোন রাজ্য — উত্তর প্রদেশ (১৬ এপ্রিল থেকে ৩০ এপ্রিল)।

৬৮। কোথায় ভারতের প্রথম সমন্বিত লিথিয়াম-আয়ন ব্যাটারি ও রেয়ার আর্থ ম্যাগনেট পুনর্ব্যবহার কেন্দ্র স্থাপন করল 'রকলিঙ্ক ইন্ডিয়া' — উত্তর প্রদেশের সিকান্দ্রাবাদ।

৬৯। ১৩,০০০ কোটি টাকা বিনিয়োগে নিজেদের প্রথম 'মাশরুম মিশন' চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৭০। রাজনীতি থেকে পুরোপুরি সরে দাঁড়ানোর ঘোষণা করলেন কোন দেশের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ — ফ্রান্স।

৭১। 'দিল্লি মেট্রো ইন্টারন্যাশনাল লিমিটেড'এর প্রথম চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সঞ্জয় জামুয়ার।

৭২। প্রথমবারের মতো নবজাতক ও শিশুদের জন্য বিশেষভাবে তৈরি ম্যালেরিয়ার একটি ওষুধে অনুমোদন দিল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'। অনুমোদিত ওষুধটি কী — আর্টেমেথার-লুমেফ্যান্ট্রিন (৫ কেজির কম ওজনের শিশুদের জন্য এটিই প্রথম নিরাপদ ম্যালেরিয়াবিরোধী ওষুধ)।

৭৩। প্রতি বছর 'আয়ুষ্মান ভারত দিবস' কবে পালিত হয় — ৩০ এপ্রিল।

৭৪। বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়াতে, উচ্চাভিলাষী কৃত্রিম বুদ্ধিমত্তা নীতিতে অনুমোদন দিল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৭৫। এই প্রথম যৌথভাবে 'ন্যাভাল অ্যান্টি শিপ মিসাইল-শর্ট রেঞ্জ'এর 'স্যালভো'র সফল পরীক্ষা করল কোন দুই সংস্থা — ডিআরডিও ও ভারতীয় নৌবাহিনী।

## খেলাধূলা

৭৬। এবছর 'রাগবি প্রিমিয়র লিগ' আয়োজন করবে কোন শহর — হায়দরাবাদ (১৬ জুন থেকে ২৮ জুন)।

৭৭। এবছর স্পেনের গ্রানাডায়, 'আইএসএসএফ বিশ্বকাপ'এ ১০ মিটার এয়ার পিস্তল মিশ্র দলগত বিভাগে সোনার পদক পেলেন কারা — ভারতের মুকেশ নেলাভাল্লি ও পালক গুলিয়া (তাঁদের স্কোর ৪৮৭.৭)।

৭৮। 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এর ইতিহাসে প্রথম ফাস্ট বোলার হিসাবে ২০০



উইকেট শিকারের কৃতিত্ব অর্জন করলেন কে — ভুবনেশ্বর কুমার।

৭৯। এবছর বেঙ্গালউরুতে, 'ইন্ডিয়ান অ্যাথলেটিক্স সিরিজ'এ পুরুষদের লং জাম্প ইভেন্টে জিতলেন কে — ভারতের মুরালি শ্রীশঙ্কর (৮.১৫ মিটার লাফ দিয়ে)।

৮০। প্রথম ভারতীয় মহিলা হিসারে, এবছর ফিডে উইমেন্স ক্যান্ডিডেটস টুর্নামেন্ট' জিতলেন কে — ভারতীয় গ্র্যান্ডমাস্টার রমেশবাবু বৈশালী (ফাইনাল রাউন্ডে রাশিয়ান গ্র্যান্ডমাস্টার ক্যাটেরিনা লাগনো'কে হারিয়ে)।

৮১। এবছর 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ১৭টি (২টি সোনা, ৬টি রুপো ও ৯টি ব্রঞ্জ পদক)।

৮২। ভারতের প্রথম রাজ্য সংস্থা হিসাবে ঘরোয়া ক্রিকেটারদের জন্য আনুষ্ঠানিকভাবে 'সেন্ট্রাল কন্ট্র্যাক্ট সিস্টেম' চালু করেছে কারা — মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন।

সঙ্কলক : পলি দেওয়ান

## 'সি-টেট'র দরখাস্ত নেওয়া শুরু

১ পাতার পর

ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন (এন.সি.টি.ই.) নির্দেশিকা অনুযায়ী, এইসব স্কুলে চাকরির জন্য দিল্লির সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন পরিচালিত 'সেন্ট্রাল টিচার্স এলিজিবিলিটি টেস্ট (CTET)' পরীক্ষায় সফলরাই একমাত্র এইসব স্কুলে শিক্ষক - শিক্ষিকা পদে চাকরির জন্য আবেদন করার যোগ্য। এখন 'CTET-September- 2026' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

কারা আবেদনের যোগ্য :

**প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত (I-V) :** নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য : (১) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে।

(২) মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এন.সি.টি.ই.'র ২০০২সালের নিয়মানুযায়ী এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে।

(৩) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ডিগ্রি (বি.এল.এড.) কোর্স পাশ হলে কিংবা অ্যাপিয়ার্ড হয়ে থাকলে।

(৪) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর ২ বছরের কোর্স পাশ হলে কিংবা অ্যাপিয়ার্ড হয়ে থাকলে।

**ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত (VI-VIII) :** নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য :

(১) ডিগ্রি কোর্স পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ বা, এবছরের ফাইনাল পরীক্ষার্থী হলে।

(২) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে।

(৩) মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী ১ বছরের বি.এড. কোর্স পাশ হলে।

(৪) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের এলিমেন্টারি এডুকেশনের ডিগ্রি (বি.এল.এড.) কোর্স পাশ হলে।

(৫) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এ./ বি.এসসি. এড. বা, বি.এ.(এড.)/ বি.এসসি. (এড.) কোর্স পাশ বা, পরীক্ষার্থী হলে।

(৬) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ বা, পরীক্ষার্থী হলে।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এবছরের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত থাকতে হবে।

ওপরের সব ক্ষেত্রেই টিচার এডুকেশনের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে এন.সি.টি.ই.'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে। তবে এডুকেশনের ডিপ্লোমা (স্পেশাল এডুকেশন) ও বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.)'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে। এই পদের ফাইল নং : CBSE/CTET/Sept. / 2026/e-73233, Dated: 08.05.2026.

প্রার্থী বাছাই করবে সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন। 'Central Teacher Eligibility Test (CTET)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) পরীক্ষা হবে ৬ সেপ্টেম্বর। এইসব কেন্দ্রে : কলকাতা, দুর্গাপুর, আগরতলা, গ্যাংটক, সম্বলপুর, ভুবনেশ্বর, রাঁচী, ধানবাদ, বোকারো, শিলচর, গুয়াহাটি, পটনা, গয়াতে। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি, হিন্দি, অসমীয়া, সংস্কৃত-সহ দেশের ২০টি আঞ্চলিক ভাষায়। যে কোনো দু'টি ভাষায় পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন।

প্রথম পেপারে আড়াই ঘন্টার পরীক্ষা হবে বেলা সাড়ে ৯টা থেকে ১টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের আড়াই ঘন্টার পরীক্ষা হবে ২টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত। দুই পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং নেই। যাঁরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ ও ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত — দুই ক্ষেত্রেই পরীক্ষা দেবেন, তাঁদের বেলায় দু'টি পেপারেই পরীক্ষা দিতে হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন ওয়েবসাইট থেকে।

প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রণমেন্টাল স্টাডিজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে)-৬০ নম্বরের ৬০টি প্রশ্ন,/(৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন।

ন্যূনতম ৬০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। ফল বেরোবে পরীক্ষা হওয়ার ৬ সপ্তাহের মধ্যে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ মে থেকে ১০ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ctet.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০-১০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩-৩০ কেবির মধ্যে) জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটোর মাপ হতে হবে ৩.৫×৪.৫ সেমি আর সিগনেচারের মাপ হতে হবে ৩.৫×১.৫ সেমির মধ্যে।

প্রথমে এই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সঠিকভাবে দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় ৫০০) টাকা আর পেপার -। ও পেপার -।। একই সঙ্গে দিলে ১,২০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৬০০) টাকা অনলাইনে জমা দেবেন নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৮৫ ডেপুটি ম্যানেজার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ২০২৪, ২০২৫, ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৮-৬-২০২৬'এর হিসাবে ৩৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। শূন্যপদ : ৮৫টি (জেনাঃ ৩৬, ও.বি.সি. ২২, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে এর মেয়াদ আরো বাড়তে পারে। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2026.

প্রার্থী বাছাই হবে ২০২৪, ২০২৫, ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nhidcl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র আর 'গেট'এর স্কোর কার্ড স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. ; 6291684943, E-Mail : karmsang@gmail.com